











**upto 40% off\***

অতিরিক্ত 5%-এর ছাড়\*

রাউজ | ড্রেস মেটেরিয়াল

amazon  taneira\_sarees  +91 8147 349 464

Enquire about our purchase plan

**Golden Clloom™**  
Own Your Dream Wear

and Mile, Ph: 7551071442



# জেলা নেতৃত্বের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ ‘অভিমানী’ রিনার পদত্যাগের হুঁশিয়ারি

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : শিলিগুড়ি সাংগঠনিক জেলা নেতৃত্বের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে পদত্যাগের হুঁশিয়ারি বিজেপির রানিগঞ্জ পানিশালি মণ্ডলের সভানেত্রী রিনা মণ্ডলের। বারবার তাঁকে হেনস্তা করা হলেও কেন জেলা নেতৃত্ব পদক্ষেপ করছে না তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। রিনার অভিযোগ, লিখিতভাবে পুরো বিষয়টি জেলা নেতৃত্বকে জানানো হয়েছিল। সেখানে বেশ কয়েকজন দলীয় কর্মীর স্বাক্ষরও ছিল। তারপরেও এখনও কোনও পদক্ষেপ করেনি জেলা কমিটি।

রিনার কথায়, ‘মণ্ডল সভানেত্রী হওয়ার পর থেকেই কেউ কেউ দুর্নীতি করতে পারছে না। তাই আমার চেয়েন যত্নসহ শুরু করেছে। কিন্তু জেলা নেতৃত্বকে আগেই সব জানিয়েছি। তারবার একই সমস্যা হলেও জেলা নেতৃত্ব কোনও পদক্ষেপ করছে না। এরপর নিজেকে বাঁচাতে আমাকেই আসরে নামতে হবে।’

শিলিগুড়িতে বিজেপির নতুন দলীয় কমিটি গঠন হওয়ার পর থেকে বেশকিছু পদাধিকারীকে নিয়ে দলীয় কর্মীদের মধ্যে অসন্তোষ শুরু হয়। তার মধ্যে রানিগঞ্জ পানিশালি মণ্ডলও রয়েছে। সেখানে গত ৩০ নভেম্বর বৃথ সভাপতিদের নিয়ে বৈঠক ছিল বিজেপির জাতীয় মুখপাত্র প্রদীপ ভাণ্ডারীর। কিন্তু ওইদিন কোনও কারণে তিনি

দলের বিক্ষুব্ধ কর্মীরা অরুণকে ঘিরে ধরেন। রিনাকে সরানোর দাবিতে বিক্ষোভ দেখাতে থাকেন তারা। জাতীয় মুখপাত্রের হস্তক্ষেপে কোনওমতে বিক্ষোভ সামাল দিয়ে অরুণকে জেলা কাফ্যালয়ে নিয়ে আসা হয়। সেখানেই ওইদিন রাত সাড়ে এগারোটাই পর্যন্ত বিক্ষুব্ধদের নিয়ে বৈঠক করেন জেলার নেতারা। ছিলেন জাতীয় মুখপাত্রও।

রিনার যুক্তি, যারা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন তাঁদের বিরুদ্ধে এর আগেও তিনি দলকে জানিয়েছেন। কিন্তু তারপরেও কোনও অজ্ঞাত কারণে দল তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে না। এতদিন বিক্ষুব্ধদের দাবি ছিল রিনা জেলা সভাপতির মদতেই সভানেত্রী হয়েছেন। কিন্তু এদিন রিনার এই বক্তব্যে জেলা কমিটির নেতারাও অসন্তোষিত পড়ে গিয়েছেন। এদিকে, রিনাকে তাঁর সমর্থনে লোক দেখাতে ৪৮ ঘণ্টা সময় দিয়েছিল জেলা নেতৃত্ব। সেইমতো ওই মণ্ডলের বেশিরভাগ বৃথ সভাপতির স্বাক্ষর সংগ্রহ করে রিনা জেলা নেতৃত্বের কাছে জমা দিয়েছেন বলে জানা গিয়েছে। তবে জেলা কমিটির তরফে এখনও কোনও উত্তর মেলেনি বলে দাবি রিনার।

এ প্রসঙ্গে বিজেপি শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটির সাধারণ সম্পাদক হেমন্ত গৌতমের বক্তব্য, ‘এরকম কোনও ব্যাপার নেই। দলের সমস্যা দলের অন্তরেই আলোচনা করে মিটিয়ে নেওয়া হবে।’

## আগ্নেয়াস্ত্র সহ ধৃত এক

ফার্সিদেওয়া, ১০ ডিসেম্বর : দেশি পিস্তল ও কার্তুজ হাতবন্দল করার আগে এসএসবির হাতে গ্রেপ্তার হবেন এক তরুণ। ধৃতের নাম রাজাবুল মহম্মদ। তিনি ইসলামপুরের রামগঞ্জের বাসিন্দা। মঙ্গলবার রাতে ফার্সিদেওয়া রকের আমবাড়িহাট এলাকায় নাকা তল্লাশি চালানোর সময় ওই তরুণকে গ্রেপ্তার করে এসএসবি। রাতেই তাঁকে ফার্সিদেওয়া থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। বৃথবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

এসএসবি সূত্রে খবর, নাকা তল্লাশি চলার সময় ইসলামপুরের দিক থেকে আসা একটি বাইক আটক করা হয়। ওই বাইকের লেগপাডে একটি পলিথিনে জড়ানো অবস্থায় একটি দেশি পিস্তল ও কয়েক রাউন্ড কার্তুজ ছিল। আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করার পাশাপাশি ওই তরুণকে গ্রেপ্তার করা হয়।

জেরায় ওই তরুণ জানান, বিহারের মতিহার থেকে আনা পিস্তলটি ২২ হাজার টাকার বিনিময়ে হাতবন্দলের জন্য নিয়ে যাচ্ছিলেন। পিস্তল ও কার্তুজগুলি এক মহিলাকে দেওয়ার কথা ছিল বলেও জানিয়েছেন তিনি। ঘটনার তদন্ত শুরু হয়েছে বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

## রক্তদান

চোপড়া, ১০ ডিসেম্বর : হাপতিয়াগছের ধুমডাঙ্গি নেতাঞ্জি যুব সংঘের উদ্যোগে ও অল্বেল এন্ড্রিয়া লিমিটেডের সহযোগিতায় রক্তদান ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয় বৃথবার। উদ্যোগটির সূত্রে জানা গিয়েছে, শিবিরে ৩৫ জন রক্তদান করেন। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের ব্রাদ ব্যাচের কর্মীদের হাতে সংগৃহীত রক্ত তুলে দেওয়া হয়।



**পদ্মে দ্বন্দ্ব**

দলের জেলা নেতৃত্বের বিরুদ্ধে ক্ষোভ রানিগঞ্জ পানিশালি মণ্ডলের সভানেত্রী রিনার অভিযোগ, তাঁকে হেনস্তা করার বিষয়টি জানানোও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এমনকি লিখিতভাবে জানানোর সময় সেখানে বেশ কয়েকজন দলীয় কর্মীর স্বাক্ষরও ছিল।

দলের অন্দরের সমস্যা মিটিয়ে নেওয়া হবে বলে জানিয়েছে জেলা নেতৃত্ব

আসতে পারেননি। তাই ৯ ডিসেম্বর ফের বৈঠক ডাকা হয়। ওইদিন বৈঠকে যোগ দিতে তাঁর সঙ্গে যান বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটির সভাপতি অরুণ মণ্ডলও। অভিযোগ, সেখানেই



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

স্কুল ছুটির পরে।। শিলিগুড়ির হায়দারপাড়ায় ছবিটি তুলেছেন সুবীর বর্মন।

# সমস্যা মেটাতে আজ বৈঠকে প্রশাসন

রঞ্জিৎ ঘোষ

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : পর্যটকবাহী সমতলের গাড়ি পাহাড়ে চলাচল নিয়ে তৈরি হওয়া সমস্যা সমাধানে বৃহস্পতিবার বৈঠকে বসছে দার্জিলিং জেলা প্রশাসন। সেই বৈঠকে জেলা প্রশাসন, পরিবহণ দপ্তর, পুলিশের আধিকারিকদের পাশাপাশি পাহাড় ও সমতলের পরিবহণ ও পর্যটন ব্যবসায়ীরা যোগ দেবেন। বৈঠক থেকেই সমাধান সূত্র বের হবে বলে দাবি দার্জিলিংয়ের জেলা শাসক মণীশ মিশ্র।

প্রায় দু’সপ্তাহ ধরে পাহাড়ে সমতলের পর্যটকবাহী ছোট গাড়ি চলাচল নিয়ে সমস্যা চলছে। গত ২৯ নভেম্বর এনজিপি স্টেশনের বাইরে পাহাড়ে এক গাড়িচালককে মারধরের অভিযোগের পরই এমন ঘটনার সূত্রপাত। পাহাড়ের কোনও দলনীর স্থানে সমতলের গাড়িকে যেতে দেওয়া হবে না বলে হংকার

দেন পাহাড়ের গাড়িচালকরা। টাইগার হিল, সিংগ, লামাহাটার মতো পর্যটনস্থলগুলিতে সমতলের গাড়ি আটকে দিয়ে পর্যটকদের নামিয়ে দেওয়া হয় বলেও অভিযোগ ওঠে।

এমনকি প্রায়দিনই

## পাহাড়ে সমতলের গাড়ি চলাচল নিয়ে জটিলতা

সমাজমাধ্যমে সমতলের গাড়িচালকদের হুমকি দেওয়া হচ্ছে বলেও অভিযোগ রয়েছে। এই পরিস্থিতিতে পটক নিয়ে পাহাড়ে যেতে ভয় পাচ্ছেন সমতলের গাড়িচালকরা। যার প্রভাব পড়ে পর্যটন ব্যবসায়ী। এরপরেই সমস্যা সমাধানে প্রশাসনের হস্তক্ষেপ চেষ্টা পরিবহণ এবং পর্যটন ব্যবসায়ীরা ১ ডিসেম্বর জেলা প্রশাসন এবং পুলিশের আধিকারিকদের চিঠি দেয়। তারপরেও প্রশাসন কার্যত

‘বৃহস্পতিবার সকাল ১১টায় জেলা শাসকের উপস্থিতিতে বৈঠক হবে। বৈঠক থেকেই পাহাড়, সমতলে গাড়ি চলাচল নিয়ে তৈরি হওয়া সমস্যা মিটিয়ে বলে আশাবাদী।’

প্রশাসনিক সূত্রে খবর, পাহাড়ের পরিবহণ ও পর্যটন

ব্যবসায়ী সংগঠনের নেতারাও জেলা শাসকের অফিসে বৈঠকে থাকবেন। সেখানে জেলা শাসক, দার্জিলিংয়ের আঞ্চলিক পরিবহণ আধিকারিক, পুলিশ সুপার, সদরের মহকুমা শাসক সহ অন্যান্য থাকবেন। অন্যদিকে, শিলিগুড়ির মহকুমা শাসকের অফিস থেকে ভার্চুয়ালি ওই বৈঠকে মহকুমা শাসক, ডেপুটি পুলিশ কমিশনার (ট্রাফিক) সহ সমতলের পর্যটন এবং পরিবহণ সংগঠনগুলির প্রতিনিধিরা অংশ নেবেন।

ভোর থেকেই রেগুলেটেড মার্কেট থেকে সামগ্রী কিনে ওই ব্যবসায়ীরা রাস্তার ধারে বিক্রিবাটা শুরু করে দিচ্ছেন। আর এর ফলে বিপদ বাড়ছে। ওই এলাকায় গিয়ে দেখা গেল রাস্তার ধারে থাকা অস্থায়ী দোকানে কেনাকাটায় ব্যস্ত মাধবী দাস নামে এক মহিলা। প্রায় রাস্তার উপর দাঁড়িয়ে সামগ্রী কিনছেন কেন? মাধবীর উত্তর, ‘রাস্তার ধারে দোকান রয়েছে। ফল-সবজি সবই পাওয়া যাচ্ছে। তাই একটু কেনাকাটা করে নিলাম।’ যদিও এভাবে কেনাবেচা নিয়ে নিত্য পথযাত্রীরা বিরক্ত।

মণীশ দে নামে এক ব্যক্তি বলেন, ‘সত্যি কথা বলতে রাস্তার এই অংশটা ধরে চলতেই ভয় হয়। যে কোনও সময় দুর্ঘটনা ঘটতে পারে। প্রশাসনের উচিত দ্রুত ব্যবস্থা নেওয়া।’

## ‘ওগুলি ক্লোজড চ্যাপ্টার’ মুখ্যমন্ত্রী ফিরতেই ‘ডিগবাজি’ রবির

কোচবিহার, ১০ ডিসেম্বর : তৃণমূল যুব নেতা অমর রায়ের খুনের সঙ্গে তার নাম জড়ানোর, কয়েকদিন আগেও দলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক (হিঙ্গি) এবং উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহর বিরুদ্ধে তোপ দেগেছিলেন কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। শুধু রবি নন, তাঁর অনুগামীরাও অভিজিৎ এবং উদয়নের বিরুদ্ধে বিয়োদ্যাকার করেছিলেন। কিন্তু মুখ্যমন্ত্রী ফিরে যেতেই ‘ডিগবাজি’ রবির বেগেন রায়।

এই বিষয় নিয়ে আগেও কিছু আলি। এখনও কিছু বলব না।’

সম্প্রতি কোচবিহারের ঘাসফুল শিবির গোষ্ঠীকোন্দল নিয়ে যথেষ্ট বিতর্ক ছিল। সে দলের নির্দেশের পরও পুরসভার চেয়ারম্যানের পদ থেকে রবির ইস্তফা না দেওয়া হোক, কিংবা সম্প্রতি যুব নেতার খুনের সঙ্গে রবির নাম জড়ানো; প্রতিটি ইস্যুতেই সামনে এসেছে ঘাসফুলের গোষ্ঠীকোন্দল। অবস্থা এমন পর্যায়ে পৌঁছায় যে গোষ্ঠীকোন্দল থামাতে মুখ্যমন্ত্রী অভিজিৎকে পরামর্শ দেন, ‘রবিকে পাটি অফিসে ডেকে এনে চা খাওয়া।’ অভিজিৎ রবিকে চা খাইয়েছিলেন কি না এদিন তিনি ফোন না ধরায় সেটা জানা যায়নি।

কুকুরের ভয়

চোপড়া, ১০ ডিসেম্বর : পাগলা কুকুরের কামড়ে বৃথবার দাসপাড়া এলাকায় কয়েকজন জখম হয়েছেন। আক্রান্তদের মধ্যে আটজনকে দলুয়া রক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হয়। তাঁদের মধ্যে দুজনকে ইসলামপুর মহকুমা হাসপাতালে রেফার করা হয়।

স্থানীয়রা জানিয়েছেন, এদিন দাসপাড়া ও থিরনিগাঁওয়ের কয়েকজনকে কামড়ায় সেই কুকুরটি। দুপুরে স্থানীয় শেখবটি গ্রামের এক শিশুকে ওই কুকুরটি কামড় দেয়। শিশুটিকে বাঁচাতে গেলে তার মাঝেও কামড় খেতে হয়। জখম মা ও শিশুকে দলুয়া রক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হলে সেখান থেকে তাঁদের ইসলামপুর মহকুমা হাসপাতালে রেফার করা হয়। পাস কুকুরটি থিরনিগাঁওয়ের আসরানোথ এলাকায় তিনজনকে কামড়ে দেয়।

# শিশুর ‘আধপোড়া’ দেহ উদ্ধার

## চরম অমানবিকতার নজির শহর শিলিগুড়িতে

শমিদীপ দত্ত

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : আর কত অমানবিক হবে সমাজ? বৃথবার বিকালে শিলিগুড়ির সূর্য সেন পার্কের পিছনে মহাকালপল্লি এলাকা থেকে ‘আধপোড়া’ অবস্থায় এক শিশুর দেহ উদ্ধার হতেই শহরজুড়ে এই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে।

এদিন বিকালে সূর্য সেন পার্কের পিছনে কয়েকজন খুঁদে বেলা করছিল। ঘটনাটি প্রথমে তাদের নজরে আসে। এরপরেই তারা আশপাশের লোকজনকে বিষয়টি জানায়। তারা গিয়ে দেখেন, আবর্জনার স্তুপের মধ্যে আধপোড়া অবস্থায় এক শিশুর দেহ পড়ে রয়েছে। পানিট্যাকি থানায় খবর দেওয়া হলে পুলিশ এসে দেহটি উদ্ধার করে নিয়ে যায়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

স্থানীয় আরতি মাহাতোর কথায়, ‘ছেলেদের কথা প্রথমে বিশ্বাস হয়নি। এরপর এসে দেখি সত্যিই একটি শিশুর দেহ পড়ে রয়েছে। শিশুকে জ্বালানোর চেষ্টা করা হয়েছিল। তারপর ওই শিশুকে নতুন সোয়েটার পরিয়ে ফেলে দেওয়া হয়েছে।’ তিনি জানান, দেখে যা মনে হয়েছে তাতে শিশুটির বয়স দেড়



ঘটনাস্থলে স্থানীয়দের ভিড়। (হীনসেটে) শিশুটির দেহ উদ্ধার করছে পুলিশ।

থেকে আড়াই মাসের মধ্যে হবে। পুলিশ সূত্রে খবর, শিশুটির গায়ে বেশকিছু ক্ষত রয়েছে। কীভাবে ওই শিশুর দেহটি ওই এলাকায় এল? তাছাড়া শিশুটিকে কেন আধপোড়া করে আবর্জনার স্তুপে ফেলে দেওয়া

## বিজেপি নেতার বিরুদ্ধে মারধরের অভিযোগ

# কাউন্সিলার অফিসে ‘দাদাগিরি’

শমিদীপ দত্ত

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : কাউন্সিলার অফিসে ডেকে তরুণকে মারধরের অভিযোগ উঠল বিজেপি নেতার বিরুদ্ধে। নাম জড়িয়েছে কাউন্সিলারের বাবারও। ঘটনাটি ঘটেছে পুরনিগমের ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার বিজেপির অনীতা মাহাতোর অফিসে।

অভিযোগকারী বিনোদ গোস্বালের কথায়, ‘বেশ কিছুদিন ধরে বৈবাহিক সম্পর্কে সমস্যা চলছে। যার প্রেক্ষিতে মঙ্গলবার সন্ধ্যায় আমাকে কাউন্সিলার অফিসে ডাকা হয়। ওখানে যাওয়ার পর দেখি স্ত্রীর আত্মীয় রাজীব জয়সওয়াল রয়েছেন। ছিলেন কাউন্সিলারের বাবা অশোক মাহাতো। হঠাৎই রাজীব আমাকে মারধর শুরু করেন। এমনকি প্রাণে মারারও হুমকি দেন।’

ঘটনা জানিয়ে তিনি রাজীব ও অশোকের নাম উল্লেখ করে পুলিশ কমিশনারেটি অভিযোগ দায়ের করেছেন। বিনোদকে ওয়ার্ড কাফ্যালয়ে ডাকার বিষয়টি স্বীকার করলেও মারধরের অভিযোগ মানতে রাজজ অশোক ও ১০ নম্বর ওয়ার্ডের বিজেপি নেতা রাজীব। তবে ঘটনায় শোরগোল পড়েছে শহরের রাজনীতিতে। ঘটনার কঠোর সমালোচনা করেছে তৃণমূল কংগ্রেস।

নিজেকে কাউন্সিলার হিসেবে নেনবিহার গায়ে ছাড় দিয়েছে। আমরা শুধু ওকে ডেকে বকা দিয়েছি।’

দাবি, ‘আমি কাউন্সিলার নই। কিন্তু কাউন্সিলার অফিসেই থাকি। কাউন্সিলার আমার মেয়ে। তবে মারধরের যে অভিযোগ করা হয়েছে, অন্যদিকে, এমন ঘটনা সম্পর্কে তাঁর কিছু জানা নেই বলে দাবি করেছেন অনীতা। তিনি বলেন, ‘শারীরিক অসুস্থতার জন্য কয়েকদিন বাড়ি থেকে বের হতে পারিনি। মারধরের কোনও ঘটনা ঘটেছে বলে আমার জানা নেই। বৃহস্পতিবার মেয়েপক্ষকে ডেকে কথা বলব।’

যদিও কাউন্সিলার অফিসে তাঁর অবর্তমানে এধরনের ঘটনায় রাজনৈতিক মহলেও চর্চা শুরু হয়েছে। তৃণমূলের জেলা কমিটির চেয়ারম্যান সঞ্জয় টিঙ্গরায় বলেন, ‘পারিবারিক সমস্যা দেখা দিতে পারে। তার জন্য আইন রয়েছে, পুলিশ আছে। কিন্তু তৃণমূলিক শাসনের মতো কাউন্সিলার অফিসে ডেকে এধরনের আরও একেবারেই বাঞ্ছনীয় নয়।’

জানা গিয়েছে, স্ত্রীর সঙ্গে বেশ কিছুদিন ধরেই সমস্যা চলছে বিনোদের। যে কারণে কয়েকদিন আগে দুই মেয়েকে নিয়ে ১০ নম্বর ওয়ার্ডে থাকা বাবার বাড়িতে চলে যান বিনোদের স্ত্রী। বিনোদের অভিযোগে, ‘কাউন্সিলার অফিসে যাওয়ার পরই ঘটনাটি উল্লেখ করে রাজীব আমার ওপর চড়াও হন। গালাগাল দেওয়ার পাশাপাশি একের পর এক চড়া মারতে থাকেন তিনি। এমনকি ওই অফিস থেকে বের হওয়ার পর মিথ্যা মামলায় ফার্সিমে দেওয়ার হুমকি দেওয়া হয়।’ অভিযোগের প্রেক্ষিতে তদন্ত হচ্ছে বলে পুলিশের বক্তব্য।

## রাজ্য সড়ক অবরোধ

ফার্সিদেওয়া, ১০ ডিসেম্বর : নানা অজুহাতে রাজ্য ও কেন্দ্র সরকার পশ্চিমবঙ্গে ১০০ দিনের সড়ক চালু করছে না। এমন অভিযোগ তুলে পথে নামল বামফ্রন্ট সমর্থিত এনআরইজিএ সংঘর্ষ মোচার দার্জিলিং জেলা কমিটি।

সংগঠনের নেতা-কর্মীরা এর প্রতিবাদ জানিয়ে রাস্তাপানি রেলসেট সংলগ্ন এলাকায় চটাই মেডিকেল মোড় রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। পাশাপাশি, চলতি মাসের ২৩ তারিখ লোকভদ্রন (পূর্ববর্ত রাজভদ্রন) অভিনেত্রী শামিল হওয়ার আবেদন রেখে তাঁরা রাস্তাপানি বাজারে একেটি পদযাত্রা করেন। অবরোধের জেরে ওই রাজ্য সড়কের ওপরে যানজটের সৃষ্টি হয়। সংগঠনের জেলা কমিটির সদস্য শরণ সিংয়ের কথায়, ‘১০০ দিনের কাজ চালু করা না হলে এরপর আমরা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবে।’

# রাস্তায় অস্থায়ী বাজার, চলাচলে সমস্যা

শমিদীপ দত্ত

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : দার্জিলিং মোড় থেকে চম্পাসারি মোড় পর্যন্ত জাতীয় সড়ক বরাবরই যানজটপ্রবণ। এরইমধ্যে রাস্তা ফোর লেন করার কাজ শুরু হওয়ায় রাস্তা আরও সংকীর্ণ হয়েছে। যার ফলে যানজটের সমস্যা আরও বেড়েছে। এরইমধ্যে রেগুলেটেড মার্কেটের বাইরে ওই রাস্তার ওপর ভাঙে করে, এমনকি রাস্তায় বসে ফল, সবজি বিক্রি করছেন বেশ কয়েকজন বিক্রেতা। ফলে সমস্যা দ্বিগুণ হয়েছে। তাছাড়া যে কোনও সময় বড় দুর্ঘটনার আশঙ্কা তৈরি হচ্ছে। পুলিশ, প্রশাসন কোনও ব্যবস্থা না নেওয়ায় ক্ষোভ তৈরি হয়েছে ওই রাস্তা হয়ে নিত্য চলাচল করা মানুষদের মধ্যে। ব্যবসার কাজের জন্য রোজদিন



এভাবেই বসছে অস্থায়ী বাজার। বৃথবার। -সংবাদচিত্র

ভেঙে ফেলা হয়েছে। এরইমধ্যে রেগুলেটেড মার্কেটের সামনে থেকে চম্পাসারি মোড় পর্যন্ত রাস্তার

পাশে অস্থায়ী বাজার বসা নিয়ে নতুন করে সমস্যা শুরু হয়েছে। নিত্য পথযাত্রীদের অভিযোগ,





### রাস্তার সূচনা

বৃহস্পতিবার নবান্ন থেকে পথশ্রী ও রাস্তাশ্রী প্রকল্পের প্রায় ২০ হাজার কিলোমিটার রাস্তার কাজের সূচনা করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই কাজের আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৬,৯৮৭ কোটি টাকা।



### হুমকি মেসেজ

অপরচিত মোবাইল নম্বর থেকে মেসেজ করে প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে বলে থানায় অভিযোগ দায়ের করলেন নেহাটির তৃণমূল বিধায়ক সনৎ দে। তদন্ত শুরু করেছে পুলিশ।



### বেধড়ক মার

চতুর্থ শ্রেণির ছাত্রীকে ধর্মান্তারিতার অভিযোগে স্কুলেরই এক অস্থায়ী শিক্ষাকর্মীকে বেধড়ক পেটালেন অভিভাবকরা। বুধবার ঘটনায় ঘটছে উত্তর ২৪ পরগনার বাগদায়।



### প্রতারণা

কলকাতা পুরসভায় চাকরি পাইয়ে দেওয়ার নাম করে প্রতারণার অভিযোগ উঠল তিন ভরুগের বিরুদ্ধে। অভিযোগকারীর কচ্ছ থেকে ৪ লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।

# দিল্লিকে টেক্কা কলকাতার বায়ু দূষণে বিপজ্জনক সূচক, সতর্কতার পরামর্শ

কলকাতা, ১০ ডিসেম্বর : কলকাতার বায়ুদূষণের মাত্রা ছাড়াল দিল্লিকেও। মঙ্গলবার রাতের পরিসংখ্যান বলছে, ভিক্টোরিয়া মেমোরিয়াল ও ময়দান সংলগ্ন এলাকার বায়ুর গুণমান সূচক বা এয়ার কোয়ালিটি ইনডেক্স (একিউআই) ৩৪২, যখন দিল্লিতে একিউআই ছিল ২৯৯। বুধবার ছিল একই ছবি। সন্ধ্যা ৬টার পর থেকে শহরের একিউআই ছিল ৩৪৯। সেখানে দিল্লির একিউআই ২৬৬। বাতাসের একিউআই ৩০০-র গণ্ডি ছাড়ালে তা 'বিপজ্জনক' হিসেবে গণ্য করা হয়। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তথ্য অনুযায়ী, নভেম্বরে ভারতের মধ্যে বায়ুদূষণের নিরিখে পঞ্চমস্থানে উঠে এসেছিল কলকাতা। ডিসেম্বরে শীতের শুরুতে যেভাবে কলকাতায় একিউআই বাড়ছে, তাতে বাতাসের পরিষ্কার নিয়ে যথেষ্ট উদ্বেগে পরিবেশবিদরা। তাঁদের আশঙ্কা, কিউআই পর বায়ু দূষণের মাত্রায় এই শহর দিল্লিকে বরাবরের মতো ছাপিয়ে যেতে পারে। পরিবেশবিদ সোমেন্দ্রমোহন ঘোষ বলেন, 'দিল্লির ভুল থেকে আমাদের



### বিষাইছে বায়ু

- বুধবার দিল্লির একিউআই ২৬৬, সেখানে কলকাতার ৩৪৯
- একিউআই-এর মাত্রা ৩০০-র গণ্ডি ছাড়ালে সেটাকে বিপজ্জনক বলে ধরা হয়
- সেই অনুযায়ী শেষ দু-দিনের পরিসংখ্যান পরিবেশবিদদের চিন্তা বাড়িচ্ছে

শিক্ষা নেওয়া উচিত ছিল। ময়দান চত্বরে মেট্রোরেলের কাজ চলায় সেখানে বায়ু দূষণের মাত্রা বেশি। জল ছোটানোর কোনও ব্যবস্থা নেই। মা ফ্লাইওভারের

নিয়ন্ত্রণ পর্ষদের ব্যাখ্যা, ইন্দো-গাঙ্গেয় সমভূমি দিয়ে উত্তর-পশ্চিম দিক থেকে দূষিত বাতাস কলকাতার দিকে আসে। তাছাড়াও শহরের গাড়ি, কারখানার ধোঁয়া বাড়ায় দূষণ ক্রমেই বাড়ছে। শহরের ময়দান সংলগ্ন এলাকা বাঢ়া ও বয়স্কদের এড়িয়ে যাওয়াই শ্রেয় বলে পরামর্শ দিচ্ছেন পরিবেশবিদরা। কারণ, ধুলোবালির কথা শ্বাসব্যায়ুর সঙ্গে মিশে সরাসরি ফুসফুসে আক্রমণ করতে পারে। তবে শীতকালে দূষণ বাড়়া স্বাভাবিক বলে স্বীকার করে নিয়েছেন আবহাওয়াবিদরা। পরিবেশবিদ সুভাষ দত্তের মত, 'এই সময় বাতাস ভারী থাকে। সেই কারণেও দূষণ বাড়ছে।' নভেম্বরের পরিসংখ্যান বলছে, কলকাতার বাতাসে সবচেয়ে ক্ষতিকারক বায়ুদূষণকারী কথা পিএম ২.৫-এর মাসিক গড় ঘনত্ব ছিল ৮-২ মাইক্রোগ্রাম প্রতি ঘনমিটার বায়ু। এই মাত্রাই কেন্দ্রীয়ভাবে নির্ধারিত মাসিক সীমার দ্বিগুণেরও বেশি। আর তাই শহরকে বাচাতে শীঘ্রই রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে পদক্ষেপ করার অনুরোধ জানাচ্ছেন পরিবেশবিদরা।

## রাজস্ব আদায়ে এবার বেসরকারি ব্যাংকও স্বরূপ বিশ্বাস

কলকাতা, ১০ ডিসেম্বর : রাজস্ব আদায়ে এবার বেসরকারি ব্যাংকগুলিকেও যুক্ত করছে রাজ্য সরকার। এতদিন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকগুলির ক্ষেত্রেই রাজ্য সরকারের পক্ষ থেকে এই ক্ষমতা দেওয়া ছিল। এবার বেসরকারি ব্যাংকগুলির ক্ষেত্রেও নবান্ন সেই পথে এগোলা। বুধবার বেসরকারি ইয়েস ব্যাংককে এই আওতায় আনতে নবান্নের অর্থ দপ্তর সার্কুলার (নম্বর ৪৩৫১-এফওয়াই) জারি করেছে। বলা হয়েছে, এখন থেকে রিজার্ভ ব্যাংক ও রাজ্য সরকারের গাইডলাইন মেনে ইয়েস ব্যাংক সরকারের কর ও করমুক্ত রাজস্ব সংগ্রহ করতে পারবে। এব্যাপারে সরকারের যাবতীয় শর্তাবলি তাদের পূরণ করতে হবে। অতি সম্প্রতি বেসরকারি এইউ ব্যাংককেও নবান্ন এই আওতায় এনেছে। অর্থ দপ্তর সূত্রে খবর, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ছাড়াও বেসরকারি ব্যাংকগুলিকে রাজস্ব সংগ্রহের তালিকায় আনা নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। স্বভাবতই এই নিয়ে প্রশ্ন উঠেছে নবান্ন প্রশাসনের অপদে।

## ১০ মিনিট আগে হাতে প্রশ্নপত্র

কলকাতা, ১০ ডিসেম্বর : উচ্চমাধ্যমিক পরীক্ষায় বড়সড়ো রদবদল করল উচ্চমাধ্যমিক শিক্ষা সনদে। চতুর্থ সিমেন্টার ও তৃতীয় সিমেন্টার (সাগ্রিমেন্টার) পরীক্ষার নির্ধারিত সময়ের ১০ মিনিট আগেই পরীক্ষার্থীদের হাতে দেওয়া হবে ওএমআর শিট ও প্রশ্নপত্র। নতুন নিয়মে যাতে পরীক্ষার্থীদের অসুবিধা না হয়, সেদিকে নজর রাখতেই এই সিদ্ধান্ত বলে জানিয়েছে সনদে। বিকাশ ভবনে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। অননুমতি পেলেই এই নয়া নিয়ম কার্যকর করা হবে। পড়ুয়ারদের অভিযোগ খতিয়ে দেখে সন্ধ্যা ১০টার পরীক্ষা শুরু হলে ৯.৫০ মিনিটে পরীক্ষার্থীদের হাতে প্রশ্নপত্র তুলে দেওয়ার সিদ্ধান্ত নিল সনদে। সনদে সতর্কতা চিরঞ্জীব ভট্টাচার্য বলেন, 'প্রশ্ন পড়ে যাতে উত্তর দেওয়ার সময় পাওয়া যায়, তাই এই সিদ্ধান্ত।' ১২ থেকে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে

## উচ্চমাধ্যমিকে নয়া প্রস্তাব

চতুর্থ সিমেন্টারের পরীক্ষা। তৃতীয় সিমেন্টারের সাগ্রিমেন্টার পরীক্ষা চলবে দুপুর ১টা থেকে ২.১৫ পর্যন্ত। সেখানেও ওএমআর শিট পরীক্ষার্থীদের হাতে দেওয়া হবে ১২.৫০ মিনিটে। তৃতীয় সিমেন্টার হবে ১ ঘণ্টা ১৫ মিনিট ও চতুর্থ সিমেন্টার হবে ২ ঘণ্টা ব্যাপী। পুরোনো ৩ ঘণ্টা ১৫ মিনিট সময়সীমাতাই পরীক্ষা দেবেন। একইসঙ্গে সনদে জানিয়েছে, চতুর্থ সিমেন্টারের উত্তরপত্রের পরীক্ষার্থীরা যেখানে লেখা শেষ করবে, সেখানে পরীক্ষকের সেই বাধ্যতামূলকভাবে থাকতে হবে। চিরঞ্জীব ভট্টাচার্যের কথায়, 'এই নিয়মকে বলা হয় এন্ড অফ লাইন। ইনভিজিলেটরের সেই উত্তরপত্রের শেষে যেখানে থাকবে, তারপর আর কোনও লেখা থাকবে না। আইনি জটিলতার কারণেই এই পদক্ষেপ।' সনদে জানিয়েছে, পরীক্ষার্থীদের কোনও লুজ শিট দেওয়া হবে না। পরীক্ষকের সঙ্গে খারাপ আচরণ করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর এনরোলমেন্টও বাতিল করা হবে।

কলকাতা, ১০ ডিসেম্বর : নবম-দশম, একাদশ-দ্বাদশে সিবিআইয়ের দেওয়া তালিকায় দাগি হিসেবে চিহ্নিত অর্থাৎ ২০১৬ সালের শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় চাকরি পাননি, বুধবার এমন প্রার্থীদের তালিকা প্রকাশের নির্দেশ দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। মধ্যশিক্ষা পর্ষদ কমিশনের সিদ্ধান্ত ছাড়া যে প্রার্থীদের নিয়োগ করছে, সেই তালিকাও তলব করেছেন বিচারপতি। আবেদনকারীদের তরফে আইনজীবী দাবি করেন, ওএমআর-এ গরমিল থাকা প্রার্থীদের মধ্যে প্রায় ১৮০৬ নাম অযোগ্যদের তালিকায় রয়েছে। কিন্তু সিবিআইয়ের তদন্ত অনুযায়ী ২০৮২ জনের ওএমআর-এ গরমিল হয়েছিল। এছাড়াও কমিশনের সুপারিশ ছাড়া অতিরিক্ত নিয়োগ করেছে মধ্যশিক্ষা পর্ষদ। তার তালিকা প্রকাশ করেনি পর্ষদ। এরাও দাগি। ২০১৬ সালের অপেক্ষমাণ দাগি প্রার্থীদের তালিকাও প্রকাশ করা হোক। ২০১৬ ও ২০২৫ সালের সমস্ত প্রার্থীর ওএমআর শিট প্রকাশ করার নির্দেশ দেওয়া হোক।

## প্রক্রিয়া নিয়ে শঙ্কা এসএসসি'র

কলকাতা, ১০ ডিসেম্বর : একাদশ-দ্বাদশে শিক্ষক পুনর্নিয়োগ পরীক্ষায় যে বিষয়গুলির ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হয়েছে, তাদের চূড়ান্ত মেধাতালিকায় প্যানেল প্রকাশ করতে চলছে এসএসসি। বাংলা ও ইংরেজি বিষয়ের চূড়ান্ত প্যানেল চলতি মাসের তৃতীয় সপ্তাহের মধ্যেই প্রকাশিত হতে পারে। তবে সূত্রমতে কোর্টের নির্ধারিত সময়সীমার মধ্যে একাদশ-দ্বাদশ ও নবম-দশম শ্রেণি মিলিয়ে সম্পূর্ণ শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শেষ করা সম্ভব নয় বলেই আশঙ্কা করছে এসএসসি। তাই অতিরিক্ত সময় চেয়ে সূত্রমতে কোর্টের দ্বারস্থ হতে পারে তারা। নবম-দশমের ইন্টারভিউয়ের তালিকা প্রকাশ ও শিক্ষাকর্মী পদে আবেদন গ্রহণের প্রক্রিয়াও চলছে।

সূত্রমতে কোর্টের নির্দেশ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখার কথা বলা হয়েছিল। কমিশন ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়া থেকে শুরু করে এখনও পর্যন্ত প্রতিটি ধাপে দুর্নীতি চালিয়ে যাচ্ছে। সূত্রমতে কোর্টের নির্দেশ অনুযায়ী হাইকোর্টকে প্রত্যক্ষমুখে হয়ে সম্পূর্ণ বিষয়টি পর্যবেক্ষণের কথা বলা হয়েছিল। তবে আবেদনকারীর এই সংক্রান্ত বাকি আবেদনগুলির শুদ্ধানিও জন্মায়। ২০১৬ সালের মেয়াদ উত্তীর্ণ প্যানেল থেকে যাদের নিয়োগ হয়েছিল, তাদের তালিকা এবং নির্দিষ্টভাবে অযোগ্য চিহ্নিত নন, এমন প্রার্থীদের তালিকা প্রকাশ করার আর্জি নিয়ে হাইকোর্টে মামলা দায়ের হয়েছিল। তাদের অভিযোগ, এই প্যানেলের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরও দাগিদের সুযোগ করে দেওয়া হচ্ছে। এই নিয়োগ অর্থেই প্রকাশিত হতে পারে। ২০১৬ সালের মেয়াদ পেরিয়ে যাওয়া প্যানেল থেকে যাদের নিয়োগ করা হয়েছিল, তাঁদের বিচারিত তালিকা এদিন আদালতে জমা দিয়েছে কমিশন।

## দেশের নিজস্ব মহাকাশকেন্দ্র, আশ্বাস শুভাংশুর

কলকাতা, ১০ ডিসেম্বর : মহাকাশ থেকে ভারতকে কেমন লাগছে? এখন থেকে ঠিক ৪১ বছর আগে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধির এই প্রশ্নের উত্তরে মহাকাশচারী রাকেশ শর্মা বলেছিলেন, 'সারে জাহা সে আছো।' চার দশকেরও বেশি সময় পর বুধবার কলকাতায় এসে ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন তথা ইসরোর গণনয়ন মিশনের অন্যতম মুখ শুভাংশু শুক্লার গলায় একই সুর শোনা গেল। ভারতের মহাকাশ গবেষণার স্বপ্নকে এগিয়ে দিয়ে ইন্ডিয়ান সেন্টার অফ স্পেস ফিজিক্স-এর অনুষ্ঠানে দাঁড়িয়ে তিনি বললেন, আগামী ১০-১৫ বছরের মধ্যেই ভারত নিজের মহাকাশ কেন্দ্র গড়ে তুলবে। ২০৪০ সালের মধ্যেই চাঁদে মানুষ পাঠানোর লক্ষ্যে দেশ এগোচ্ছে। ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত ভারতে পরিণত করার দায়বদ্ধতা কাঁধে তুলে নিতে হবে নতুন প্রজন্মকেই। দ্বিতীয় ভারতীয় হিসেবে মহাকাশে পাড়ি দেওয়ার পর এটি শুভাংশুর প্রথম কলকাতা সফর। শুভাংশু বলেন, 'কলকাতার সঙ্গে আমার সম্পর্ক বহু পুরোনো। বায়ুসেনায় যোগ দেওয়ার পর প্রাথমিক প্রশিক্ষণ হয়েছিল একাধিকবারেই। খুব সুন্দর এই শহর। এখানে ফিরে আসতে পেরে আমার খুব ভালো লাগছে।' এদিন প্রথমে সেন্টার ফর স্পেস ফিজিক্সে স্কুল-কলেজের পড়ুয়াদের সঙ্গে সময় কাটানোর পর শুভাংশু তাঁর নামে তৈরি একটি প্যাভেলিয়ন পরিদর্শন ও একটি মিডিজিয়াম ভ্রমণ করেন। দিনের শেষে 'মাই এক্সপেরিয়েন্স ইন স্পেস : দ্য ফাইনাল ফ্রন্টিয়ার' শীর্ষক বিশেষ আলোচনাসভায় যোগ দেন। সেখানে অংশ নেন ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস রিসার্চের ডিরেক্টর ডক্টর সন্দীপ চক্রবর্তী, নাসার বিজ্ঞানী ডক্টর জয়দীপ মুখোপাধ্যায় সহ অন্যান্য বিশেষজ্ঞও। মহাকাশ গবেষণায় ভারতের ভবিষ্যৎ নিয়ে অত্যন্ত আশাবাদী শুভাংশু। রাকেশ শর্মা ও কল্পনা চাওলার উদাহরণ টেনে তিনি বলেন, 'আমি মহাকাশচারী হওয়া বা মহাকাশ নিয়ে কাজ করার সুযোগ দেশে কম ছিল। রাকেশ শর্মার মিশনের পর পরিষ্কৃত বদলেছে। মহাকাশ অভিযানের ইকো সিস্টেম দেশেই তৈরি হচ্ছে। তাই ছাত্রছাত্রীরা মহাকাশচারী হওয়ার স্বপ্ন পূরণ করার ক্ষমতা রাখে।' এছাড়াও মহাকাশ গবেষণায় কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের ভূমিকার পাশাপাশি আন্তর্জাতিক স্তরে প্রশিক্ষণের অভিজ্ঞতা ভারতের নিজস্ব গণনয়ন মিশনে কাজে লাগিয়ে তা উন্নত করার বাতায় দেন শুভাংশু।

## তৃণমূলের আন্দোলন

কলকাতা, ১০ ডিসেম্বর : একশো দিনের কাজের প্রকল্পে এই রাজ্যের জন্য কোনও বরাদ্দ না থাকাকে ইস্যু করে এগোতে চাইছে তৃণমূল। এই ইস্যুতেই এবার বুধ স্তরে আপোলনের কর্মসূচিও নিয়েছে তৃণমূল। এখন থেকেই একশো দিনের কাজের বকেয়া টাকার দাবিতে প্রতিটি বুধ সভা করতে দলীয় নেতৃত্বকে নির্দেশ দিয়েছেন দলের রাজ্য সভাপতি সুব্রত বসী। মঙ্গলবারই কোন কোন প্রকল্পে কত টাকা বরাদ্দ করা হয়েছে, তা নিয়ে তালিকা প্রকাশ করেছে কেন্দ্রীয় সরকার। তাতে দেখা গিয়েছে, একশো দিনের কাজের প্রকল্পের টাকায় এই রাজ্য কিছু পায়নি। বিজেপির বিরুদ্ধে ক্ষোভ আরও উসকে দিতে সেই কারণে এই ইস্যুতে আন্দোলন আরও তীব্র করতে চায় তৃণমূল। মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, 'কেন্দ্রীয় বন্ধনা সত্ত্বেও আমরা কর্মস্বী, বাংলার বাড়ি প্রকল্প যেমন চালাছি, তেমনই গ্রামীণ রাস্তা সংস্কারও করছি। বিজেপির ভোটপাখিরা ভোট এনেই এই রাজ্যে এসে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেন। আমরা আমাদের কাজের নমুনা সাধারণ মানুষের কাছে তুলে ধরব।'

## কলকাতা, ১০ ডিসেম্বর : সন্তান আক্রান্ত বিরল রোগে। তাই বাড়ির কাছে বদলি চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন মালদার শিক্ষিকা বাজার থানা এলাকার শিক্ষিকা মনীষা রায় সাহা। এই সংক্রান্ত মামলায় মালদার জেলা বিদ্যালয় পরিদর্শক মুখায় রায়কে চূড়ান্ত ভর্ৎসনা করে বিচারপতি অমৃতা সিনহা বলেন, 'সুন্দর ডিআই মশাই, কোন নোটিশ, কোন অভ্যর্থনা তুমি না। এনার সন্তানের বিষয়টি বিবেচনা করে ব্যবস্থা নিতেই হবে।'

আবেদনকারী শিক্ষিকার সন্তান অটিজম স্পেকট্রাম ডিজঅডার নামক বিরল রোগে আক্রান্ত। তার মানসিক পরিষ্কৃতিও স্থিতিশীল নয়। এই পরিস্থিতিতে কলকাতার একটি স্কুলে কর্মরত ওই শিক্ষিকার পক্ষে সন্তানের দেখালা করা সম্ভব হচ্ছে না। তাই ২০২২ সালের মালদায় বদলি হতে চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন তিনি। কিন্তু শূন্যদান না থাকায় ওইসময় তাঁর বদলি সম্ভব হয়নি। তারপরও সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষিকার শূন্যদান থাকা সত্ত্বেও তাঁর বদলি নিয়ে টালবাহানা করতেন কর্তৃপক্ষ। এই পরিস্থিতিতে বিচারপতি আনোই নির্দেশ দিয়েছিলেন কলকাতার জেলা বিদ্যালয় পরিদর্শক বিষয়টি খতিয়ে দেখে কোথায় তাঁর বদলি হতে পারে তা জানাবেন। মালদার জেলা বিদ্যালয়ের পরিদর্শককে ভাড়াটায় হাজিরার নির্দেশও দিয়েছিলেন। এদিন সিনহা বলেন, 'সুন্দর ডিআই মশাই, কোন নোটিশ, কোন অভ্যর্থনা তুমি না। এনার সন্তানের বিষয়টি বিবেচনা করে ব্যবস্থা নিতেই হবে।'

সন্তান আক্রান্ত বিরল রোগে। তাই বাড়ির কাছে বদলি চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন মালদার শিক্ষিকা বাজার থানা এলাকার শিক্ষিকা মনীষা রায় সাহা। এই সংক্রান্ত মামলায় মালদার জেলা বিদ্যালয় পরিদর্শক মুখায় রায়কে চূড়ান্ত ভর্ৎসনা করে বিচারপতি অমৃতা সিনহা বলেন, 'সুন্দর ডিআই মশাই, কোন নোটিশ, কোন অভ্যর্থনা তুমি না। এনার সন্তানের বিষয়টি বিবেচনা করে ব্যবস্থা নিতেই হবে।'

## ‘মানবিক দিক থেকে বিবেচনা করুন’

ওই শিক্ষিকাকে নিয়োগ করতে হবে। যদিও মালদার ডিআই-এর যুক্তি, গভর্নিং বডি'র অন্তর্গত নির্দিষ্ট রুল অনুযায়ীই তাঁকে কাজ করতে হবে। কিন্তু বিচারপতি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, ওই শিক্ষিকাকে মালদায় প্যানেল থেকে বদলির ক্ষেত্রে মানবিক দিক থেকে বিবেচনা করেন কমিশনার অফ স্কুল এডুকেশন।

## ওয়াকফ কটাক্ষ শুভেন্দুর

কলকাতা, ১০ ডিসেম্বর : কেন্দ্রীয় আইনকে উপেক্ষা করার জন্যে রাজ্যের কয়েক হাজার ওয়াকফ সম্পত্তি বেহাত হতে চলছে। এজন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কাঠগড়ায় তুলেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তার দাবি, নির্ধারিত সময়ের মধ্যে রাজ্যের ওয়াকফ সম্পত্তি নথিভুক্ত না করার জন্যে ৬ ডিসেম্বরের পর অন্তত ৫০ হাজার ওয়াকফ সম্পত্তি কার্যত বেআইনি সম্পত্তি হিসেবে চিহ্নিত হতে চলেছে। এর ফলে সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত হলেন গরিব সংখ্যালঘু মুসলিমরা। অভিযোগের জবাব দেওয়ার জন্য রাজ্যের মন্ত্রী সজ্জিদা চৌধুরী, ফিরহাদ হাকিম, সিদ্ধান্ত খানদের পালাটা চ্যালেঞ্জ জানিয়েছেন শুভেন্দু। বিজেপির মতে, রাজনৈতিক স্বার্থে, কেন্দ্র বিরোধিতার রাজনীতি করতে গিয়ে ওয়াকফের মতো ইস্যুতে রাজ্যের সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়কে গাভড়ায় ফেলে দিয়েছেন মুখ্যমন্ত্রী।

৬ ডিসেম্বরের সময়সীমার মধ্যে মাত্র ২৬ হাজার ওয়াকফ সম্পত্তি কেন্দ্রীয় পোর্টালে আপলোড হয়েছে। শতাংশের বিচারে মাত্র ৬২.৯ শতাংশ। যা সারা দেশের মধ্যে সর্বনিম্ন। বিরোধী দলনেতা শুভেন্দুর দাবি, এর ফলে রাজ্যের প্রায় ৫৪ হাজার ওয়াকফ সম্পত্তি হারাবেন সংখ্যালঘু মুসলিমরা। কারণ, নথিভুক্ত না হওয়া এই ওয়াকফ সম্পত্তির মালিকানা গরিবরা রাখতে হলে তাকে আদালত বা ট্রাইবিউনালে যেতে হবে। যেটা শুধু সময়সাপেক্ষই নয়, যথেষ্ট ব্যয়সাপেক্ষও বটে।

## বাপের বাড়িতে ফিরলেন সোনালি

রামপুরহাট, ১০ ডিসেম্বর : তিনদিন পর হাসপাতাল থেকে বাড়ি ফিরলেন সোনালী খাতুন। বুধবার বিকেলে হাসপাতাল থেকে বীরভূমের দুটি টার্মে প্রধানের চেয়ারে বসেও অসুস্থ উপায়ে অর্ধ উপার্জনের রাস্তায় হাঁটেন না। বিভিন্ন জায়গায় পঞ্চায়েত সদস্য থেকে উপপ্রধান ও প্রধানদের বাড়িঘর ও আর্থিক অবস্থার উদ্ভি হয়েছিল। সে ক্ষেত্রে ব্যতিক্রমী দৃষ্টান্ত কৃষক মন্ডি মূর্খ। ছোট এক টুকরো টিনের বাড়ির আঙিনায় দাঁড়িয়ে তিনি বলেন, 'দল আমাকে পরপর দুবার প্রধান করেছে এলাকার মানুষের সমস্যা সমাধান করার জন্য। আমি ফিরে এসে আরও ভালো লাগবে।' তিনি জানান, বাংলাদেশের দলীয় কণ্ঠ কেটেছে। বাবা ভাদু শেখ খুন, পেশা তিনি কখনো ছাড়বেন না। কুড়ি বছর ধরে এই পেশার উপরেই তার সংসার চলছে।



মাঠের কাজে ব্যস্ত শাসকদলের পঞ্চায়েত প্রধান কৃষক মাণ্ডি মূর্খ।

করেন, সেই হাতে প্রধানের দায়িত্বও হাসিমুখে সামলান। শ্বশুরবাড়িতে তার চাষের কাজে তাকে সাহায্য করেন স্বামী জয়দেব মূর্খও। বাড়ির







# অমিত-রাহুলের বাগযুদ্ধ সংসদের

## ভোট চুরি করেছিলেন নেহরু-ইন্দিরা, অভিযোগ স্বরাষ্ট্রমন্ত্রীর

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির বাগযুদ্ধের প্রতীকায় গোটা দেশ গত ১১ বছর ধরেই অধীর আগ্রহে অপেক্ষা করছে। গত লোকসভা ভোটের সময় রাহুল নিজেও মোদির সঙ্গে বিতর্কে অংশ নেওয়ার ইচ্ছাপ্রকাশ করেছিলেন। কিন্তু এখনও পর্যন্ত তার সুযোগ আসেনি। মোদি-রাহুল বাগযুদ্ধের সেই অপেক্ষার অবসান ঘটিয়ে দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। বুধবার রাহুল গান্ধির সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রীর নজিরবিহীন উত্তপ্ত বাক্য বিনিময় দুধের স্বাদ অনেকটাই ঘোলে মিটিয়ে দিয়েছে বলে ধারণা ওয়াকিবহাল মহলের।

এদিন লোকসভায় নির্বাচনি সংস্কার নিয়ে জবাবি ভাষণে ভোট চুরি নিয়ে রাহুল গান্ধির আক্রমণের জবাব দিতে গিয়ে ঘুরে-ফিরে সেই জওহরলাল নেহরু, ইন্দিরা গান্ধি, সোনিয়া গান্ধিকেই কাঠগড়ায় তোলেন অমিত শা। আর তা করতে গিয়ে রাহুল গান্ধির সঙ্গে রীতিমতো বাগযুদ্ধে জড়িয়ে পড়লেন তিনি।

অমিত শা অভিযোগ করেন, এসআইআর বা ভোটার তালিকা সংশোধন নিয়ে বিরোধীরা দেশজুড়ে মিথ্যা প্রচার চালাচ্ছে। নির্বাচন কমিশনের ভূমিকা প্রসঙ্গে তিনি বলেন, ‘নির্বাচন কমিশন একটি সম্পূর্ণ সাংবিধানিক সংস্থা এবং তারা কেন্দ্রীয় সরকারের অধীন কাজ করে না। এই প্রেক্ষিতে এসআইআর নিয়ে

সংসদে আলোচনা হওয়া উচিত নয়। তবে বিরোধীরা যখন নির্বাচন সংস্কার নিয়ে আলোচনায় রাজি হয়, তখন সরকার তাতে সম্মতি দেয়।’

তখন রাহুল উঠে দাঁড়িয়ে বলেন, ‘মুখ্য নির্বাচন কমিশনারকে পূর্ণ ইমিউনিটি দেওয়ার ভাবনার কারণ কী? হরিয়ানায় ১৯ লক্ষ ভুয়ো ভোটার রয়েছে।’ তিনি বলেন, ‘অমিত শা জি আপনাকে আমি চ্যালেঞ্জ করছি ভোট চুরি নিয়ে যে


উত্তর দেব।’ একথায় ছাড়ার পাত্র নন রাহুল গান্ধিও। স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যকে খোঁচা দিয়ে তিনি বলেন, ‘অমিত শা ডিফেন্ডিভ, ভীত-সন্ত্রস্ত উত্তর দিয়েছেন। উনি ভয় পেয়েছেন।’ উত্তরে শা বলেন, ‘আমি উসকানিতে পা দেব না। আজ আমার বিষয় নির্বাচন সংস্কার।’

তবে এই উত্তপ্ত বাদানুবাদ বেশিক্ষণ চলেনি। অনুপ্রবেশ

সমর্থন পেলেও মাত্র ২ জন নেহরুকে সমর্থন করেছিলেন, তবু নেহরু প্রধানমন্ত্রী হন।’ তার তোপ, ‘ইন্দিরা গান্ধির বিরুদ্ধে রায়বেরেলির মামলায় আদালত অনৈতিকভাবে জয়া হওয়ার রায় দিলেও সংসদে আইন এনে সেটি ধামাচাপা দেওয়া হয়।’ সোনিয়া গান্ধির বিরুদ্ধে দেশের নাগরিক না হয়েই ভোটার তালিকায় নাম তোলার অভিযোগ তুলে সরব হন শা। এই কথায় প্রতিবাদ জানান


হচ্ছে।’ শা বলেন, ‘বিরোধীদের আশ্রিত মূল কেন্দ্রবিন্দুতেই রয়েছে অবৈধ অনুপ্রবেশ ইস্যু।’ তার এই বক্তব্যের মাঝে কংগ্রেস সাংসদরা সভা থেকে ওয়াকআউট করেন। এই ঘটনায় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, ‘জবাব শোনার সাহস না থাকতেই বিরোধীরা ওয়াকআউট করেছে।’ স্বরাষ্ট্রমন্ত্রীও বলেন, ‘বিরোধীরা শতবার পালালেও সরকার অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে পদক্ষেপে একচুলও পিছাবে না।’

রাহুল গান্ধি সিসিটিভি ফুটেজ ৪৫ দিনের মধ্যে মুছে ফেলার নিয়ম নিয়েও প্রশ্ন তোলেন লোকসভায়। জবাবে অমিত শা বলেন, জনপ্রতিনিধি আইন, ১৯৫১ অনুযায়ী নির্বাচনের ৪৫ দিনের মধ্যেই আইনি চ্যালেঞ্জ জানাতে হয়। ওই আইন প্রণয়নের সময় সিসিটিভি ছিল না, তখন ব্যালট পোপার ব্যবহৃত হত। তবে বর্তমান ব্যবস্থায় সিসিটিভির জন্য পৃথক প্রযুক্তিগত নিয়ম রয়েছে বলেও জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী অভিযোগ করেন, কংগ্রেস ক্রমাগত সাংবাদিক, বিচারব্যবস্থা এবং নির্বাচন কমিশনের মতো সাংবিধানিক প্রতিষ্ঠানগুলিকে প্রশ্নাবদ্ধ করছে। তার বক্তব্য, সাংবাদিক প্রশ্ন করলেই তাদের বিজেপির এজেন্ট বলা হয়, আদালতে মামলা হারলে বিচারকদের দোষারোপ করা হয় এবং নির্বাচনে পরাজয়ের জন্য ইভিএম ও ভোট চুরিকেই দায়ী করা হয়। তবে প্রকৃত কারণ লুকিয়ে আছে নেতৃত্বের ব্যর্থতার মধ্যে বলেই দাবি করেন তিনি।



আমি ৩০ বছর সংসদ ও বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছি। সংসদ কীভাবে চলে, তা আমাকে শেখাতে হবে না। আমার বক্তব্যের ক্রম আমি নিজেই ঠিক করব। আমার কথা শোনার জন্য ধৈর্য ধরে বসে থাকতে হবে।

**অমিত শা**



অমিত শা জি, আপনাকে আমি চ্যালেঞ্জ করছি ভোট চুরি নিয়ে যে সাংবাদিক বৈঠক করেছি তা নিয়ে বিতর্ক হোক। যে প্রশ্নগুলি তুলেছি তার জবাব দিতে হবে।

**রাহুল গান্ধি**

সাংবাদিক বৈঠক করেছে তা নিয়ে বিতর্ক হোক। আমি যে প্রশ্নগুলি তুলেছি নির্দিষ্টভাবে সেগুলির জবাব দিতে হবে। জবাবে ক্ষুব্ধ শা বলেন, ‘আমি ৩০ বছর সংসদ ও বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছি। সংসদ কীভাবে চলে, তা আমাকে শেখাতে হবে না। আমার বক্তব্যের ক্রম আমি নিজেই ঠিক করব। আমার কথা শোনার জন্য ধৈর্য ধরে বসে থাকতে হবে। আমি প্রতিটি প্রশ্নের

নিয়ে শা বক্তৃতা শুরু করতেই বিরোধীরা ওয়াকআউট করেন। তা নিয়েও বিরোধীদের কটাক্ষ করেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, ‘এসব করে একজন অনুপ্রবেশকারীকে দিয়ে ভোট দেওয়ানো যাবে না।’

অন্যান্য প্রসঙ্গের মতো ভোট চুরি নিয়েও জওহরলাল নেহরু, ইন্দিরা গান্ধি, সোনিয়া গান্ধিকে কাঠগড়ায় তোলেন শা। তিনি বলেন, ‘সদর প্যাটেল ২৮ জন রাজ্য সভাপতির

### সভারকার পুরস্কার গ্রহণে না থাকারের

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসায় পঞ্চমুখ হলেও বীর সাতারকারের নামাঙ্কিত পুরস্কার নিতে আগন্তি জানানেন কংগ্রেস সাংসদ শশী থাকর। তিরুবনন্তপুরমের সাংসদ সাফ জানিয়েছেন, তিনি ওই পুরস্কার নেবেন না, যে অনুষ্ঠানে ওই পুরস্কার দেওয়া হবে সেখানেও যোগ দেবেন না। উদ্যোক্তাদের বিধে থাকর বলেন, ‘আমি ওই পুরস্কার গ্রহণ করতে সম্মত কি না সেটা না জেনেই আয়োজকরা যেভাবে আমার নাম ঘোষণা করেছে তা অত্যন্ত দায়িত্বজ্ঞানহীন আচরণ।’ আরএসএস ঘনিষ্ঠ হাইরেঞ্জ রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি মঙ্গলবার ঘোষণা করেছিল, তারা বীর সাতারকার পুরস্কার দেবে শশী থাকরকে। এই বছরই ওই পুরস্কার চালু হয়েছে। বুধবার তা দেওয়ার কথা ছিল। কিন্তু কেরলের কংগ্রেস নেতা কে মুরলীধরন জানিয়ে দেন, থাকর সহ কোনও কংগ্রেস নেতা বীর সাতারকারের নামাঙ্কিত পুরস্কার গ্রহণ করবেন না। কারণ, সাতারকার ব্রিটিশদের সামনে মাহানত করেছিলেন।

### রাগার বিদেশ সফরে বিতর্ক

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : সংসদের শীতকালীন অধিবেশন শেষ হওয়ার আগেই ফের বিদেশ সফরে যাচ্ছেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি। তার এই ঘননন বিদেশ সফর নিয়ে বিতর্ক শুরু হয়েছে। ১৫-২০ ডিসেম্বর জার্মানি সফরে যাচ্ছেন রাহুল। বিজেপি নেতা শেহজাদ পুনওয়ালার তাকে পাটি ও পর্যটনের নেতা বলে কটাক্ষ করেছেন। তিনি বলেন, ‘ভারত আবার বদনাম হবে? বিহারের ভোটার সমাজ উনি কোথায় ছিলেন? সাধারণত কাজের সময়ের ফাঁকে মানুষ ছুটি নেন। কিন্তু এই মানুষটি দুটি অবকাশকালীন সময়ের মধ্যে কাজ করেন।’ জবাবে কংগ্রেস নেত্রী প্রিয়াংকা গান্ধি ভদরা বলেন, ‘মোদিজি তো অর্ধেক সময় দেশের বাইরে থাকেন। তাহলে এখন কেন বিরোধী দলনেতার সফর নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে?’

### জামিন খারিজ লুথরাভাইদের

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : গোয়ার নাইট ক্লাবে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ২৫ জনের মৃত্যুর ঘটনায় অভিযুক্ত লুথরা পরিবারের দুই ভাই সৌরভ লুথরা এবং গৌরব লুথরা নিজেরাই ‘শিকার’ দাবি করে দিল্লির আদালতে আগাম জামিনের আবেদন করেছেন। তারা ফৌজারি এড়াতে তাইল্যান্ডে পাঠিয়ে যান। আবেদনে লুথরাভাইরা যুক্তি দিয়েছেন যে, অগ্নিকাণ্ডের সময় তারা নাইট ক্লাবে উপস্থিত ছিলেন না। তাই তাদের ওপর ফৌজারি দায় চাপানো যায় না। তাঁদের পক্ষ থেকে প্রবীণ আইনজীবী তানভির আহমেদ মির আদালতকে জানানি, ক্লাবটি তাঁদের অংশীদার ও ম্যানেজারদের দ্বারা পরিচালিত হত। আদালত তাত্ক্ষণিক কোনও স্তি দিতে অস্বীকার করে পুলিশের কাছ থেকে জবাব চেয়েছে। বৃহস্পতিবার এই মামলায় পরবর্তী শুনানি হবে।



বন্যোরা বনে সুন্দর...

বুধবার অসমের মরিগাঁওর পবিত্রোরা অভয়ারণ্যে।

## নাগরিকত্বে রাশ নয়া যুক্তি দিলেন ট্রাম্প

নয়াদিল্লি ও ওয়াশিংটন, ১০ ডিসেম্বর : প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার দ্বিতীয় মেয়াদের প্রথম দিনে একটি নিবাহী আদেশে স্বাক্ষর করে আমেরিকায় অভিবাসীদের সন্তানদের ক্ষেত্রে জন্মসূত্রে নাগরিকত্বের অবসান ঘটিয়েছিলেন। এই নাগরিকত্ব সংক্রান্ত আইনটি মার্কিন সংবিধানের অংশ, যা ১৮৬৮-তে গৃহযুদ্ধের পর প্রাক্তন ক্রীতদাস এবং সেদের জন্মগ্রহণকারীদের নাগরিক অধিকার দেওয়ার জন্য যুক্তি হয়েছিল। এবার অভিবাসীদের সন্তানদের ক্ষেত্রে জন্মসূত্রে মার্কিন নাগরিকত্ব পাওয়ার অধিকারে ছেদ টানা প্রসঙ্গে নতুন করে যুক্তি সাজিয়েছেন প্রেসিডেন্ট। ট্রাম্প দাবি করেছেন যে, আইনটি মূলত ‘ক্রীতদাসদের সন্তানদের’ জন্য তৈরি করা হয়েছিল, কিন্তু এখন ‘ধনী’ অভিবাসীরা মার্কিন মূলুকে এসে এই আইনের অপব্যবহার করছেন।

এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ‘এই সংক্রান্ত সংশোধনীটি ক্রীতদাস প্রথা পরিপ্রেক্ষিতে তৈরি হয়েছিল। অন্য দেশ থেকে আসা ধনীরা পুরো পরিবারকে মার্কিন নাগরিকত্ব দেওয়ার জন্য এটি তৈরি হয়নি।’ তিনি আশঙ্কা প্রকাশ করেন, যদি সুপ্রিম কোর্ট এই সিদ্ধান্তের বিরুদ্ধে রায় দেয়, তবে তা ‘ধ্বংসাত্মক’ হবে। তার এই আবেদনের পর প্রশাসন ঘোষণা করে যে, ২০ জানুয়ারির ৩০ দিন পর থেকে আমেরিকায় জন্মগ্রহণকারী শিশুরা আর জন্মসূত্রে নাগরিকদের অধিকারী হবে না। যদিও এই আদেশটি নিম্ন আদালত কর্তৃক চ্যালেঞ্জ করা হয়েছিল, সুপ্রিম কোর্ট পরে আদেশটি সাংবিধানিক পর্নালোচনার জন্য গ্রহণ করে। এছাড়াও গত মাসে ট্রাম্প ঘোষণা করেন যে, তিনি ‘সকল তৃতীয় বিশ্বের দেশ’ থেকে অভিবাসন ‘স্বাধীভাবে স্থগিত’ করবেন এবং ‘নিরাপত্তা ঝুঁকি’ আছে এমন বিদেশি নাগরিকদের নিবাসিত করবেন। ইভংস পিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস ১৯টি উচ্চ-ঝুঁকিপূর্ণ দেশের বিদেশিদের বাচাই করার সময় ‘নেতিবাচক, দেশ-নির্দিষ্ট বিষয়’ বিবেচনা করার জন্য নতুন নির্দেশিকা জারি করেছে। এই দেশগুলির মধ্যে রয়েছে

আফগানিস্তান, সোমালিয়া, হাইতি, ইরান এবং ভেনেজুয়েলা।

এদিকে এইচ ১-বি এবং এইচ-৪ ভিসার আবেদনকারীদের জন্য নতুন স্যামাজিক যোগাযোগ মাধ্যম যাচাইকরণ নীতি কার্যকর করার পর ভারতে সংশ্লিষ্ট ভিসা আ্যাপয়েটমেন্টগুলি পিছিয়ে দেওয়া হয়েছে। দিল্লির আমেরিকার দূতাবাস নিশ্চিত করেছে যে আগামী



কয়েক সপ্তাহের জন্য নিখারিত ভিসা অ্যাপয়েটমেন্টগুলি পিছিয়ে দেওয়া হয়েছে। নতুন স্কিনিং প্রক্রিয়ার জন্য সময় দিতে অনেক অ্যাপয়েটমেন্ট মার্চ, ২০২৬ পর্যন্ত স্থগিত করা হয়েছে। হায়দরাবাদ এবং চেন্নাইয়ের মার্কিন কনসুলেটগুলিতে ডিসেম্বর মাসের মাঝামাঝি থেকে শেষের দিকে নিখারিত এইচ ১-বি এবং এইচ-৪ ভিসার সাক্ষাৎকারগুলি বাতিল করা হয়েছে। দূতাবাস সতর্ক করে জানিয়েছে, পূর্বাধিকারিত তারিখে কনসুলেটে হাজির হলেও আবেদনকারীদের দপ্তরে প্রবেশের অনুমতি দেওয়া হবে না। ৪ ডিসেম্বর এবং এইচ-৪ ভিসা আবেদনকারীর অনলাইন কার্যকলাপ প্যালোচনা করা হবে। এই প্রক্রিয়ার সুবিধার জন্য আবেদনকারীদের তাঁদের সব সেশ্যনাল মিডিয়া প্রোফাইলের জন্য নতুন নির্দেশিকা জারি করেছে। তবে রাখতে লাগা হয়েছে।

## তিরুপতিতে ৫৪ কোটির ওড়না দুর্নীতি

অমরাবতী, ১০ ডিসেম্বর : যত গণগোল তিরুপতিতে। মন্দিরের লাঙ্ঘতে গোপকর চর্বি মেশানো নিয়ে বিতর্কে শোরগোল ফেলে দেয়। এবারও এই তিরুপতিতেই ৫৪ কোটির ওড়না দুর্নীতি সামনে এল। অভিযোগ, সিন্ধের নামে ১০০ শতাংশ পলিয়েস্টার দিয়ে তৈরি ওড়না মন্দির কর্তৃপক্ষকে বিক্রি করা হয়েছে। এই দুর্নীতি চলছে ২০১৫ থেকে ২০২৫ সাল পর্যন্ত। এক টিকারার সংস্থা তা করেছে। অভ্যন্তরীণ ডিজিট্যাল তদন্তে (এসবি) বিষয়টি সামনে আসার পর কেন্দ্রীয় সেন্ট্রাল সিন্ধ (সিএসবি) বোর্ডের পরীক্ষায় তা ধরা পড়েছে।

দুর্নীতিতে মন্দির ট্রাস্টের ক্ষতি হয়েছে প্রায় ৫৪ কোটি টাকা। টিটিডি জানিয়েছে, ওড়নার টেন্ডার দেওয়ার সময় বলা হয়, ডেনিয়ার সূতের ওড়না বোনা খাটি তুঁত সিন্ধের ডিঙনা দিতে হবে। ওড়নার একদিকে সংস্কৃতে ও অন্যদিকে তেলুগুতে লেখা থাকবে ‘ওম নমো ভেন্‌কটেশ্বর’। সেইসঙ্গে থাকবে শঙ্খ, চক্রের ছবি। টিটিডি বোর্ডের চেয়ারম্যান বিখার নাইডু বলেছেন, ‘টিকাদার দোপাট্টা তৈরির জন্য বাধ্যতামূলক খাটি সিন্ধের পরিবর্তে সস্তার পলিয়েস্টার দিয়ে তৈরি করা জিনিস দিয়েছে, যা বেশিবিচনম অনুষ্ঠানে প্রধান দাতাদের উপহার হিসেবে দেওয়া হয়। ৩৫০ টাকা মূল্যের শালের দাম নেওয়া হয়েছে ১৩০০ টাকা। মোট সরবরাহের পরিমাণ ৫০ কোটি টাকারও বেশি। আমরা এই দুর্নীতির তদন্ত এসবি (অ্যাক্টিকোরপশন বোর্ড)-কে দিয়েছি।’

## মরক্কীয় মৃত ১৯

রাবাত, ১০ ডিসেম্বর : মরক্কোর ফেজ শহরে ধসে পড়ল জোড়া বহুতল। বুধবার ভোররাতের ঘটনায় মৃত্যু হয়েছে ১৯ জনের। আহত কমপক্ষে ১৬। তারা স্থানীয় হাসপাতালে ভর্তি। পুলিশ জানিয়েছে, চারতলা আবাসন দুটিতে আটটি পরিবার থাকত। পরোনো কাঠামোর বাড়িগুলির দীর্ঘদিন ধরে রক্ষণাবেক্ষণ না হওয়ার কারণেই এই দুর্ঘটনা।

## ইন্ডিগোর সিইও’কে তলব ডিজিসিএ-র

# কেন্দ্রকে ভর্ৎসনা দিল্লি হাইকোর্টের

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : ইন্ডিগো এয়ারলাইন্সের ব্যাপক উড়ান বাতিল ও বিলম্ব এখন শুধু যাত্রীদের ভোগান্তির বিষয় নয়, এর জেরে কেন্দ্রীয় সরকারও বুধবার আদালতের কড়া সমালোচনার মুখে পড়েছে। দিল্লি হাইকোর্ট এই পরিস্থিতিতে ‘সংকট’ বলে উল্লেখ করে তীব্র ভর্ৎসনা করেছে কেন্দ্রকে। বিচারপতিরা প্রশ্ন তুলেছেন, কীভাবে এই পরিস্থিতি এতদূর পর্যন্ত খারাপ হতে দেওয়া হল এবং একটি টিকিটের দাম অস্বাভাবিক বেড়ে ৪০ হাজার টাকা পর্যন্ত গেলে? আদালত প্রশ্ন তুলেছে, সংকটের সুযোগ নিয়ে অন্যান্য বিমান সংস্থাই বা কেন আকাশছোঁয়া ভাড়া বাড়াল? বিচারপতিরা সতর্ক করে বলেছেন, এই অব্যবস্থা কেবল যাত্রীদের হস্যরানি করছে না, দেশের অর্থনীতির অগ্রগতিতে বাধা দিচ্ছে।

বুধবারও ইন্ডিগোর শতাধিক উড়ান বাতিল হওয়ায় যাত্রীদের ভোগান্তি অব্যাহত রয়েছে। মূলত পাইলটদের জন্য ডিজিটিএর জারি করা সংশোধিত ফ্লাইট ডিউটি টাইম লিমিট যেনে লগতে ইন্ডিগোর বার্ষিকতার কারণে এই কর্মী সংকট দেখা দিয়েছে, যা পরিবেশা ভেঙে পড়ার প্রধান কারণ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে নিয়ন্ত্রক বোর্ডে ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন (ডিজিসিএ) কঠোর অবস্থান নিয়েছে। ডিজিসিএ ইন্ডিগোর সিইও পিটার এলবার্স সহ ঊর্ধ্বতন কতদূর বৃহস্পতিবার বিকেল ৩টায় প্রয়োজনীয় তথ্য



**আদালতের পর্যবেক্ষণ**


- কীভাবে এই পরিস্থিতি এতদূর পর্যন্ত খারাপ হতে দেওয়া হল এবং একটি টিকিটের দাম অস্বাভাবিক বেড়ে ৪০ হাজার টাকা পর্যন্ত পৌঁছে গেল?
- সংকটের সুযোগ নিয়ে অন্যান্য বিমান সংস্থাই বা কেন আকাশছোঁয়া ভাড়া বাড়াল
- এই অব্যবস্থা কেবল যাত্রীদের হস্যরানি করছে না, দেশের অর্থনীতির অগ্রগতিতে বাধা দিচ্ছে

নিয়ে সশরীরে হাজির হওয়ার নির্দেশ দিয়েছে। আদালত সরকারকে নির্দেশ দিয়েছে যে, এই পরিস্থিতির কারণ অনুসন্ধানের গাঠিত কমিটির রিপোর্টটি আগামী ২২ জানুয়ারির মধ্যে সিল করা খামে আদালতে জমা দিতে হবে। পাশাপাশি, আদালত ইন্ডিগোকে আটকা পড়া যাত্রীদের ক্ষতিপূরণ দিতে এবং দ্রুত পরিবেশা স্বাভাবিক করার নির্দেশ দিয়েছে। অন্যদিকে, কেন্দ্র এই সংকটে চাপ বৃদ্ধি করে দেশের গুরুত্বপূর্ণ ১১টি

বিমানবন্দরে ইন্ডিগোর কার্যকলাপের ওপর বিশেষ নজরদারি শুরু করেছে। বিমান ভাড়ার ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ ও সীমিত করা হয়েছে। দিল্লি হাইকোর্টের ভর্ৎসনা এবং ডিজিসিএ-র তলবের প্রেক্ষিতে বিমান সংস্থাটির ওপর চরম চাপ সৃষ্টি হয়েছে। বৃহস্পতিবারের বৈঠকের পর ইন্ডিগোর ভবিষ্যৎ কর্মপন্থা এবং নিয়ন্ত্রক সংস্থার শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত প্রকাশ্যে আসতে পারে বলে মনে করা হচ্ছে।

# শৈশবে যৌন হিংসার শিকার শত কোটি

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : বিশ্বে উদ্বেগজনক হারে বাড়ছে শৈশবে যৌন হিংসা এবং ঘনিষ্ঠের হাতে নিষাভনের ঘটনা। ৬ ল্যানসেট জার্নালে প্রকাশিত একটি গবেষণা অনুসারে, ২০২৩-এ বিভিন্ন দেশে ১৫ বছর বা তার বেশি বয়সি ১০০ কোটির বেশি মানুষ শৈশবে যৌন হিংসার শিকার হয়েছেন। একই সময়ে প্রায় ৬০ কোটি ৮০ লক্ষ মহিলা তাঁদের সঙ্গী দ্বারা নিষাভিত হয়েছেন বলে অনুমান করা হচ্ছে। এই দু’ধরনের সহিংসতার সবচেয়ে বেশি প্রকোপ দেখা গিয়েছে দক্ষিণ এশিয়া এবং আফ্রিকায়। গবেষকরা উল্লেখ করেছেন, এই অঞ্চলগুলিতে হিংসার স্বাস্থ্যগত প্রভাবের সঙ্গে উচ্চ হারে এইচআইভি এবং অন্যান্য দীর্ঘস্থায়ী রোগের হার যুক্ত হয়ে পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। ভারতে এই পরিস্থিতি বিশেষভাবে গুরুতর। ১৫ বছর বা তার বেশি বয়সি মহিলাদের মধ্যে অন্তরঙ্গ সঙ্গী দ্বারা সহিংসতার হার প্রায় ২৩ শতাংশ বলে অনুমান করা হয়েছে। এছাড়া ১৫ বছর বা তার বেশি বয়সি মহিলাদের ৩০ শতাংশের বেশি এবং পুরুষদের ১৩



**ল্যানসেটের বৈশ্বিক রিপোর্ট**

- **ভয়াবহ** ১৫ বছর বা তার বেশি বয়সি মহিলাদের মধ্যে অন্তরঙ্গ সঙ্গী দ্বারা সহিংসতার হার প্রায় ২৩ শতাংশ
- পুরুষদের ১৩ শতাংশ শৈশবে যৌন হিংসার শিকার
- শৈশবে যৌন হিংসার অভিজ্ঞতা মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহারের ব্যাপি এবং ডায়াবিটিস-এর মতো ১৪টি স্বাস্থ্যগত সমস্যার সঙ্গে যুক্ত
- বিশ্বে ঘনিষ্ঠ সঙ্গীর হাতে নিষাভনের কারণে প্রায় ১ লক্ষ ৪৫ হাজার মৃত্যু
- ৩০ হাজার নারীকে তাঁদের সঙ্গীরই খুন করেছেন

শতাংশ শৈশবে যৌন হিংসার শিকার হয়েছেন বলে অনুমান। ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল বার্ডেন অফ ডিজিজ (জিবিডি) স্টাডি, ২০২৩-এর তথ্য বিশ্লেষণ করে এই গবেষণাপত্রটি

প্রকাশিত হয়েছে। গবেষকরা বলছেন, শৈশবে যৌন হিংসা এবং অন্তরঙ্গ সঙ্গী দ্বারা নিষাভন ধারণার চেয়ে বেশি। এই হিংসার ফলে ব্যাপক স্বাস্থ্যহানি ঘটেছে। অন্তরঙ্গ সঙ্গী দ্বারা নিষাভনের ফলে উদ্বেগ

### পিএমও-তে ৮৮ মিনিট নিয়োগে আপত্তি বহাল রাখলেন

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : প্রধানমন্ত্রীর সচিবালয়ে নরেন্দ্র মোদির সঙ্গে লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি ৮৮ মিনিট ধরে বৈঠক করলেন বটে। কিন্তু তারপরও বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ করা নিয়ে দুই নেতা একমতায় পৌঁছাতে পারলেন না। ফলে শাসক-বিরোধী চাপানউতোরও বন্ধ হল না। সুত্রের খবর, বুধবার দুপুর ১টা নাগাদ পিএমও-তে পৌঁছান বিরোধী দলনেতা। সেখানে তখন মোদি ছাড়াও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। ১টা ৭ মিনিটে বৈঠক শুরু হয়। জানা যায়, তথ্য কমিশন, নির্বাচন কমিশন এবং ভিজিলা্যান্স দপ্তরের শীর্ষপদে নিয়োগ নিয়ে বৈঠক বসেছে।

কিন্তু ঘড়ির কাঁটা যত গড়িয়েছে, ততই কৌতূহল বাড়তে শুরু করে সাংসদ মহলে। নিয়োগ ছাড়াও আর কী কী বিষয়ে আলোচনা হয়েছে, তা নিয়ে জল্পনা বাড়তে থাকে। ৮৮ মিনিট পর রাহুল গান্ধি পিএমও থেকে বেরোনোর পর জানা যায় শুধু মুখ তথ্য কমিশনার (সিআইসি) নিয়োগ নিয়ে নয়, ৮ জন তথ্য কমিশনার ও একজন ভিজিলা্যান্স কমিশনার নিয়োগ নিয়ে এদিন পিএমও-তে উত্তপ্ত আলোচনা হয়। সুত্রের খবর, রাহুল গান্ধি প্রতিটি নিয়োগেই আপত্তি জানিয়েছেন। লিখিত আকারে তিনি নিজের আপত্তি জমাও দিয়েছেন।

মঙ্গলবার নির্বাচন সংস্কার নিয়ে আলোচনার সংয়ও মুখ্য নির্বাচন কমিশনারের নিয়োগ প্রস্তাবের কেন প্রধান বিচারপতিকে রাখা হয়নি, প্রশ্ন তুলেছিলেন বিরোধী দলনেতা। সেই অবস্থান যে এতটুকু বদলায়নি সেটা এদিন পিএমও-র বৈঠকে স্পষ্ট করে দেন তিনি। রাহুল একা নয়, এর আগে বিরোধী দলনেতা হিসেবে মল্লিকার্জুন খাড়গে এমন বৈঠকে যোগ দিয়ে আপত্তি জানিয়েছিলেন। বর্তমানে কেন্দ্রীয় তথ্য কমিশনে ৮টি শূন্যপদ রয়েছে।

এবং গুরুতর বিষয়ভাজনিত মানসিক ব্যাধি দেখা দিতে পারে, যা অক্ষমতার অন্যতম কারণ। অন্যদিকে শৈশবে যৌন হিংসার অভিজ্ঞতা মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহারের ব্যাপি এবং ডায়াবিটিস-এর মতো ১৪টি স্বাস্থ্যগত সমস্যার সঙ্গে যুক্ত। সারা বিশ্বে ঘনিষ্ঠ সঙ্গীর হাতে নিষাভনের কারণে প্রায় ১ লক্ষ ৪৫ হাজার মৃত্যুর যোগসূত্র পাওয়া গিয়েছে, যার বেশিরভাগই হত্যা, আত্মহত্যা এবং এইচআইভির কারণে। গবেষকদের অনুমান, ২০২৩ সালে প্রায় ৩০ হাজার নারীকে তাঁদের সঙ্গীরই খুন করেছেন। শৈশবে যৌন হিংসার কারণে ২০২৩ সালে বিশ্বজুড়ে প্রায় ২ লক্ষ ৯০ হাজার মৃত্যু, যার প্রধান কারণ ছিল আত্মহত্যা, এইচআইভি এবং টাইপ ২ ডায়াবিটিস। গবেষকরা জোর দিয়ে বলেছেন, নারী ও শিশুদের ওপর হিংসা শুধু মানবধিকারের প্রশ্ন নয়, শৈশবের যৌন হিংসাকে জনস্বাস্থ্যের প্রধান অগ্রাধিকার হিসেবে তুলে ধরছে। এবং প্রতিরোধমূলক ব্যবস্থা, যেমন আইনি কাঠামোকে শক্তিশালী করা ও লিঙ্গ সমতা প্রচারের প্রয়োজনীয়তা তুলে ধরে।









বুধবার উত্তরবঙ্গ বইমেলায় বিভিন্ন স্টলে বইপ্রেমীদের ছবিগুলি তুলেছেন সূত্রধর।

কে বলে আজকালকার ছেলেমেয়েরা বই পড়ে না? ৪৩তম উত্তরবঙ্গ বইমেলায় কিন্তু উঠে এল ভিন্ন চিত্র। সেখানে দেখা গেল, সদ্য স্নাতক হওয়া পড়ুয়া খোঁজ করছেন ‘টোঁড়াই চরিত মানস’-এর মতো ক্লাসিকের! খোঁজ নিলেন অরুণাভ পাল

## বই কিনছে কারা, দুই প্রজন্মে দ্বন্দ্ব



শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : ‘মোবাইলে পিডিএফ পড়ার থেকে কাগজের ওপর ছাপা অক্ষর পড়তেই বেশি সুবিধা হয় আমার। মোবাইল অথবা ই-রিডারের বই পড়ার মতো ‘রিয়েল ফিলিংস্টা’ আসে না।’

বইমেলায় এক স্টলের ভেতর দাঁড়িয়ে কথাগুলো বলছিলেন জেন জেড-এর পূজা কীর্তিনিয়া। কথাগুলো সেই প্রজন্মের একজন, যাদের বিরুদ্ধে প্রবীণরা প্রায়ই মোবাইলে বই পড়ার অভিযোগ তোলেন। কিন্তু বইমেলায় জেন জেড-এর প্রবল উপস্থিতিই জানিয়ে দিল, তাঁদের পুরোপুরি মূল্যায়ন হতে এখনও অনেকটা বাকি।

ডিজিটাল যুগেও কি তোমরা বই কিনছ? উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভূগোলে গবেষণারত পূজা বলেন, ‘অবশ্যই।’ দেখুন, ইন্টারনেট ‘ডাউনলোডস’ কিন্তু কিছুতেই ‘ফিজিক্যাল বইয়ের’ বিরুদ্ধে হতে পারে না। আমার মতে, দু’হাতে বই ধরে পড়ার মধ্যে একটা আলাদা অনুভূতি রয়েছে। সেই স্বাচ্ছন্দ্যটা ঠিক মোবাইলে আসে না। আর, বই কেনার ক্ষেত্রটি তো আর পৃথিবী থেকে উবে যায়নি। যারা বলে, আজকালকার ছেলেমেয়েরা বই কেনে না, তারা ভুল বলে।’

কথাটা যে পূজা ভুল বলেনি সেটা বেলা বাড়তেই বোঝা গেল। মেলায় ক্রমশ ভিড় বাড়তে লাগল স্টাইলিশ জুতো, জ্যাকেট, উইন্ডচিটার আর জিন্স পরিহিত তরুণ-তরুণীদের।

কলকাতা থেকে উত্তরবঙ্গে ‘সোলো-ট্রায়ে’ এসেছে খুব ভলু। বলল, ‘কালিম্পাং বেড়াতে

যাব। মাঝে একদিন শিলিগুড়িতে স্টে করছি। আসলে কলকাতা আন্তর্জাতিক বইমেলা, কলেজ স্ট্রিট আর রবীন্দ্র সড়কের সামনের বইমেলায় বাইরে আমার ধারণা ছিল না। তাই ভালোম একবার ঘুরে যাই। এখানে এসে অনেক নতুন বিষয়ে জানতে পারছি। আমি বিশেষত ট্রাভেল বুকস সংগ্রহ করতে ভালোবাসি। সেগুলো বেড়াতে গেলে কাজে লাগে। এখানে ভ্রমণ ও স্থানীয় ইতিহাসের ওপর প্রচুর বই পাওয়া যাচ্ছে। তাই কয়েকটা কিনেছি।’

মেলা ঘুরে দেখা গেল, কমবয়সীদের মধ্যে মূলত রহস্য, ফ্যান্টাসি ও হরর বইয়ের চাহিদা বেশি। কেউ কেউ আবার বাংলা পাল্প ফিকশন ও গ্রাফিক নভেল খুঁজছে। আবার সিরিয়াস পাঠকও রয়েছে। ফ্রান্স কাক্যকার ‘লেটারস টু মিলেনা’ আর হারকি মুরাকামির ‘নরওয়েজিয়ান উড’ তুলে নিল একজন। মিলেনিয়ালদের মধ্যে যেমন সেক্সি হেল্প বই কিংবা মার্লি ম্যানুজমেন্টের বই জনপ্রিয়, তেমনি জেন জেড-এর কাছে সেক্সি হেল্প বই মানেই দৃশ্যভঙ্গি ও কামুর লেখাপত্র। এপিসি কলেজের এক ছাত্রী সায়েন্স ও প্রযুক্তি বিষয়ক এনসাইক্লোপিডিয়ায় ‘আটমিক সংগ্রহের দিকে তাকিয়ে কিছুটা আফসোস, কিছুটা কৌতুক মিশিয়ে বললেন, ‘এই গোট্টা কালেকশনটা কিনতে গিয়ে আমার সারাবছরের উপার্জন শেষ হয়ে যাবে।’ জানা গেল, কলেজের ক্লাস শেষে টিউশন পড়াতে যায় সে। যতটা সম্ভব হয়, নিজের টাকা দিয়ে জিনিসপত্র কেনাকাটা করে।

কথা হচ্ছিল সদ্য স্নাতক পাশ করা রাজা সূত্রধরের সঙ্গে। জানালেন, তাঁর একটু পুরোনো যুগের লেখকদের পছন্দ। সূত্রীনা ভাদুড়ির বিখ্যাত উপন্যাস ‘টোঁড়াই চরিত মানস’-এর খোঁজ করছেন। কথায় কথায় উঠে আসল বাংলা বইয়ের আকাশছোঁয়া দামের বিষয়টাও। একটা বিশেষ দিক তুলে ধরলেন তিনি। রাজার কথায়, ‘ইংরেজি

বইয়ের বাজারে যেমন পেপারব্যাক পাওয়া যায়, তেমনিটা কিন্তু বাংলা বইয়ের বাজারে দেখা যায় না। তবে, আজকাল কিছু প্রকাশনী সংস্থা পেপারব্যাক বই বার করছে। তাতে যেমন নতুন লেখকদের বই রয়েছে, তেমনিই ক্লাসিক যুগের রাইটারদেরও বই রয়েছে। হার্ডকভারের তুলনায় পেপারব্যাক সস্তা। আর সেগুলো এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যেতে সুবিধা হয়। আমার মতে, বাংলা প্রকাশনা শিল্প পেপারব্যাক বইয়ের উৎপাদনের ওপর জোর দিলে বিক্রি আরও বাড়বে।’

বইমেলায় ব্যবসা কেমন? প্রশ্নের উত্তরে এক প্রথম সারির সংবাদপত্র তথা প্রকাশনা সংস্থার কর্মী বললেন, ‘গত বছরের তুলনায় বিক্রি কিছুটা হলেও বেড়েছে।’

আজকালকার ছেলেমেয়েরা কি বই কিনছেন? তাঁর কথায় উঠে এল ভিন্ন সুর। ‘দেখছেন না চারদিকে কত খাবারের দোকান? তরুণ-তরুণীরা সব ওখানেই ভিড় করে। আর বইয়ের দোকানে এসে বই হাতে নিয়ে ছবি তুলে চলে যায়। বই কেনে একমাত্র চল্লিশোর্ধ্ব ব্যক্তির।’ বইমেলায় ছেলের সঙ্গে এসেছিলেন বছর সত্তরের সুবীর ভট্টাচার্য। পুরোনো বইয়ের দোকানে হঠাৎ খুঁজে পেলে সাতিয়েত আমলের ইউরেনীয় লোককথার বই ‘দাদুর দস্তানা’। তাই হাতে নিয়ে কিছুক্ষণ আবেগভরা ভিড় হয়ে দাঁড়িয়ে রইলেন তিনি। তারপর বললেন, ‘এই বইটা একসময় বাবা আমায় জন্মদিনে উপহার দিয়েছিলেন। বাবা বিষ্ণু দে, সমর দে, সূতাস মুখোপাধ্যায়ের কবিতা ভালোবাসতেন। তারপর বাবার দেওয়া উপহারটা যে কী করে হারিয়ে গিয়েছিল, আজ সেটা আর মনে নেই।’ তাঁর কথায় গোখলি সন্ধ্যার হলদে-কালো মেশানো আকাশটা আরও কিছুটা অন্ধকারের দিকে পা বাড়াল। এভাবেই, অপ্রতিরূদ্ধ তারক্য ও প্রবীণদের মধ্যে তর্কে-সংঘাতে, অচ্যুত সহাবস্থানে এগিয়ে চলল ৪৩তম উত্তরবঙ্গ বইমেলা।



### পেপারব্যাক হোক

মেলা ঘুরে দেখা গেল, কমবয়সীদের মধ্যে মূলত রহস্য, ফ্যান্টাসি ও হরর বইয়ের চাহিদা বেশি

কেউ কেউ আবার বাংলা পাল্প ফিকশন ও গ্রাফিক নভেল খুঁজছে, আবার সিরিয়াস পাঠকও রয়েছে

ইংরেজি বইয়ের বাজারে যেমন পেপারব্যাক পাওয়া যায়, তেমনিটা বাংলা বইয়ের বাজারে দেখা যায় না

নতুন প্রজন্মের পড়ুয়াদের মতে, বাংলা পেপারব্যাক বইয়ের উৎপাদনে জোর দিলে বিক্রি আরও বাড়বে



### রিঅ্যাকশন টাইম

টিভিতে প্রায়শই বিভিন্ন খেলোয়াড়ের রিঅ্যাকশন টাইম দেখানো হয়। মহেন্দ্র সিং ধোনির সেকেন্ডের ভগ্নাংশে করা স্ট্রাইপিং-এর ভিডিওগুলো তা রীতিমতো ভাইরাল। আপনিও এবার চাইলে নেপে নিতে পারেন নিজের রিঅ্যাকশন টাইম। বইমেলায় নর্থবেঙ্গল সায়েন্স সেন্টারের সায়েন্স প্যাভিলিয়নে রয়েছে মজার এক যন্ত্র। দেখতে গোল এই যন্ত্রের নীচে রয়েছে একটা সুইচ। ওই সুইচ টিপলেই যন্ত্রটিতে জ্বলে উঠবে একটা লাল আলো। তারপর অপেক্ষা। যখন-তখন ওই যন্ত্রে ভেসে উঠবে একটা সবুজ আলোর ডট। প্রতি মুহূর্তে ওই সবুজ ডট সংখ্যায় বাড়বে। নীচে থাকা সুইচটি ফের টিপলে ওই সবুজ ডটগুলি কমে যাবে। যে যত তাড়াতাড়ি ওই সবুজ ডটগুলি থামাতে পারবেন,



তাঁর রিঅ্যাকশন টাইম তত কম।

### লোকসংস্কৃতির মানচিত্র

ডুয়ার্সের মতো লোকসংস্কৃতির এত বৈচিত্র্য খুব কম জায়গাতেই দেখা যায়। এত জনজাতির সমাহার এই ডুয়ার্সে, তাদের সংস্কৃতি এবং তার উপাদান নিয়ে লেখা ‘ডুয়ার্সের লোকসংস্কৃতি উপাদান ও মানচিত্র’ বইটি পাওয়া যাচ্ছে এবারের বইমেলায়। লেখকের নাম বিমলেন্দু মজুমদার। ডুয়ার্সের লোকসংস্কৃতির বিষয়ে আগ্রহীরা চাইলে বইটি সংগ্রহ করতে পারেন।

### নেওড়া ভ্যালি নিয়ে বই

নেওড়া ভ্যালি ন্যাশনাল পার্ক নিয়ে জানতে অনেক মানুষই আগ্রহী। তাঁদের জন্য সুখবর। বইমেলায় এবার পাওয়া যাচ্ছে নেওড়া ভ্যালি নিয়ে লেখা প্রথম বাংলা বই। বইটির নাম ‘নেওড়া ভ্যালি ন্যাশনাল পার্ক’। লিখেছেন শুভকান্তি সিনহা এবং উজ্জ্বল ঘোষ। নেওড়া ভ্যালি নিয়ে বিভিন্ন তথ্যর পাশাপাশি, যেই সমস্ত মানুষ নিঃশব্দে এই জাতীয় উদ্যানের কুমারী রক্ষা করে চলেছেন, তাঁদের অবদানের খতিয়ানও লিপিবদ্ধ করা হয়েছে এই বইতে।

তথ্য ও ছবি : সব্যাসাচী চট্টোপাধ্যায়

## স্পিডব্রেকারের ঝাঁকুনি থেকে সাবধান

## সতর্ক করছেন চিকিৎসকরা

### প্রিয়দর্শিনী বিশ্বাস

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : ডাবগ্রাম থেকে এনজেলপি যাওয়ার উদ্দেশ্যে টোটোয় উঠেছিলেন য়াটোর্ধ্ব সন্দীপ নাগ এবং পঞ্চাষোর্ধ্ব কুহেলি নাগ। এই গলি সেই গলি, এই রাস্তা সেই রাস্তা ঘুরে ওই দম্পতি যখন এনজেলপিতে পৌঁছালেন তখন আর চট করে টোটো থেকে নামতে পারলেন না। কোমরে হাত দিয়ে সন্দীপবাবু টোটো থেকে নেমে হাত বাড়িয়ে দিলেন কুহেলির দিকে। কোমরে হাত দিয়ে কুহেলিও নামলেন টোটো থেকে। কথা বলতেই জানা গেল, সারা রাস্তাজুড়ে অনেকবার ঝাঁকুনি খেয়েছেন তাঁরা। শহরে পাড়ার রাস্তায় একটু পরপরই স্পিডব্রেকার। একটা টাল সামলে উঠতেই আবার ঝাঁকুনি শুরু। তারপরেই দুজনেরই কোমরের পুরোনো ব্যথা মাথাচাড়া দিয়ে ওঠে।

টোটো-স্কুটি দুটোতেই যাতায়াত শিবিরামপল্লির অমৃত ভট্টাচার্যের। স্কুটি নতুন শিখেছেন তাই এখনও মাঝেমাঝেই টোটো, রিকশা বা অন্য গাড়িই তাঁর ভরসা। কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামে বইমেলায় গিয়েছিলেন বুধবার। মা-কে নিয়ে উঠেছিলেন রিকশায়। কয়েক মিনিট পরপর রিকশা থেকে শূন্যে লাফিয়ে উঠছিলেন দুজনেই। কারণ, সেই অপরিচালিত স্পিডব্রেকার। অমৃতার সঙ্গে কথা হতেই তিনি বললেন, ‘একই জায়গায় ঘনঘন এই স্পিডব্রেকারগুলো রীতিমতো কোমর ব্যথা, পিঠের ব্যথা সৃষ্টি করে। বয়স্ক মানুষদের তো সমস্যা হয়ই, অন্য সব বয়সীদেরও শরীরে নানা ব্যথার সৃষ্টি করে।’

শিলিগুড়ি শহরে অপরিচালিত স্পিডব্রেকার বরাবরই মাথাব্যথার কারণ হয়েছে। দুর্ঘটনাও কম ঘটেনি। চিকিৎসকরাও বলছেন, বর্তমানে হাঁটুর সমস্যা ও ব্যাক পেইন-এর সমস্যা নিয়ে প্রচুর মানুষ শহরে যাত্রতা উত্তরোত্তর মনে বেড়েই চলেছে।

অথোপেডিক অভিমেক আগরওয়াল বলছিলেন, ‘ঝাঁকুনির

হিলকার্ট রোড, সেবক রোড, বর্ধমান রোড সহ শহরের ভেতরে ডাবগ্রাম, মিলনপল্লি, হাকিমপাড়া বিভিন্ন পকেট রুটেও ঘনঘন স্পিডব্রেকার দেখা যায়।

হায়দরপাড়ার শ্রীবাস মজুমদার বলছিলেন, ‘শহরে কিছু কিছু জায়গায়, গলিতে অপ্রয়োজনীয়ভাবেই স্পিডব্রেকার রয়েছে বলে মনে হয়। ওই স্পিডব্রেকারগুলোর আদৌ প্রয়োজনীয়তা রয়েছে কি না সেটাও সঠিকভাবে দেখা হয় কি না কে জানে। এই স্পিডব্রেকারগুলির

কারণে ব্যাক পেইন বা পিঠের ব্যথা বেড়ে যায়। একটা বয়সের পর শরীরে অনেক ধরনের ব্যথা বা সমস্যার সৃষ্টি হয়। যাদের পুরোনো ব্যথা থাকে তাঁদের ব্যথাগুলো বেড়ে যায়। নতুনদেরও পিঠে ব্যথা শুরু হয়। প্রতিদিন অনেকটা ঝাঁকুনি পেলে শরীরে এই ব্যথাগুলো হওয়া অসম্ভব নয়। প্রতিদিনের যোগাসন বা ব্যায়ামের মধ্যে দিয়েই তাঁদের শরীরকে সুস্থ রাখতে হবে।’

অথোপেডিক অন্নানজ্যোতি রায় বলেন, ‘ক্রমাগত ঝাঁকুনি



পাড়ার রাস্তায় এই স্পিডব্রেকারই ঝাঁকুনির কারণ হয়ে দাঁড়াচ্ছে।

কারণে যে ঝাঁকুনির সৃষ্টি হয় তাতে অনেকেরই ব্যাক পেইন শুরু হয়ে যায়। অনেকেরই কাছেই শুনেছি কোমর ব্যথা, পিঠে ব্যথা বেড়েছে আর যাদের পুরোনো ব্যথা রয়েছে তাদের সেটা আরও বেড়ে যায়।’

চিকিৎসকরাও বলছেন, বর্তমানে হাঁটুর সমস্যা ও ব্যাক পেইন-এর সমস্যা নিয়ে প্রচুর মানুষ শহরে যাত্রতা উত্তরোত্তর মনে বেড়েই চলেছে।

অথোপেডিক অভিমেক আগরওয়াল বলছিলেন, ‘ঝাঁকুনির

থেকে কোমর ব্যথা, ঘাড়ের ব্যথা হতে পারে। অতিরিক্ত সমস্যায় স্পিডব্রেকারের সমস্যা থাকে। বয়স্কদের ক্ষেত্রে অস্টিওপোরোসিস (হাড় ক্ষয় বা হ্রাস) হাড়ের রোগ) বাড়তে পারে। কমবয়সীদের মধ্যে ডিস্কের সমস্যা, মেরুদণ্ডে ফাটল হতে পারে। তাই সাবধানতা অবলম্বন করতেই হবে।’

শহরে যাত্রতা স্পিডব্রেকারের বিষয়ে কথা বলতে ডিসিপি ট্রাফিক কাজি সামসুদ্দিন আহমেদকে ফোন করা হলে তিনি ফোন ধরেননি।

## প্রতিযোগিতা

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সম্প্রতি ইউনেসকোর ওয়ার্ল্ড হেরিটেজ কালার বা বিশ্ব ঐতিহ্যবাহী সংস্কৃতির তকমা পেয়েছে আলোর উৎসব লীপাংলি। এই উপলক্ষে বুধবার উত্তরবঙ্গ বিজ্ঞানকেন্দ্রে রঙ্গোলি ও প্রদীপ সাজানোর প্রতিযোগিতার আয়োজন করা হয়। শহরের দুটি বেসরকারি স্কুলের পড়ুয়া এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। কেন্দ্রের এডুকেশন অফিসার বিশ্বজিৎ কুণ্ডু বলেন, ‘ইউনেসকোর তকমা পাওয়ার খুশিতে এদিন রঙ্গোলি ও প্রদীপ সাজানোর প্রতিযোগিতার আয়োজন করা হয়।’ এদিন সন্ধ্যায় উত্তরবঙ্গ বিজ্ঞানকেন্দ্র প্রদীপের আলোয় সজে ওঠে। উপস্থিত ছিলেন কেন্দ্রের প্রোজেক্ট কোঅর্ডিনেটর স্বতন্ত্র তাম্রাঙ্ক।

## অভিযান

বাগডোগরা, ১০ ডিসেম্বর : দীর্ঘদিন ধরে আমার বাগডোগরা পানিবাটা মোড়ে রাস্তা এবং ফুটপাথ দখল করে পণ্য রেখে ব্যবসা করছিলেন কয়েকজন ব্যবসায়ী। বুধবার সেই রাস্তা দখলমুক্ত করতে অভিযান করল বাগডোগরা ট্রাফিক গার্ড। এদিন কার্যত আকাশন মুখে ছিল পুলিশ। এদিন পানিবাটা মোড়ের একাধিক দোকানের বাইরে ফুটপাথে রাখা পণ্য বাজেয়াপ্ত করেন ট্রাফিক-কর্মীরা। বাগডোগরা ট্রাফিক গার্ডের ওসি স্বপন রায় বলেন, ‘একাধিকবার দোকানদারদের বলা সত্ত্বেও শুনছিল না। এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।’ সেখানে ফুটপাথের ওপর দোকানের সালিবোর্ড, পণ্যসামগ্রী রাখা থাকত। ফলে ফুটপাথ ছেড়ে রাস্তা দিয়ে হিটে চলাচল করতে হত। আর রাস্তায় দিনকে দিন যানজটও বাড়ছিল। বাড়ছিল দুর্ঘটনা। বাগডোগরা ট্রাফিক গার্ডের কর্মীরা এক সপ্তাহ আগে ওই দোকানদারদের ফুটপাথ দখলমুক্ত করতে বলেন। তবে নির্দেশ দেওয়ার পরেও পণ্য সরাননি কেউ।

## খুঁটিতে আগুন

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : শিলিগুড়ির পুরনিগমের সামনে একটি বিদ্যুতের খুঁটিতে বুধবার সন্ধ্যায় হঠাৎই আগুন লেগে যায়। পাশের জল এনে আগুন নেভানোর চেষ্টা করেন স্থানীয় ব্যবসায়ীরা। দ্রুত বিদ্যুৎ বিভাগে খবর দেওয়া হয়। বিদ্যুৎ বিভাগের কর্মীরা পৌঁছে অগ্নিনির্বাপক স্প্রে করে আগুন নিয়ন্ত্রণে আনেন। বিদ্যুৎ বিভাগের তরফে অগ্নিকাণ্ডের কারণ খতিয়ে দেখা হচ্ছে।

## চুরির ঘটনায় ধৃত আরও ১, উদ্ধার সোনার গয়না

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : মিলনপল্লিতে ফাঁকা বাড়িতে চুরির ঘটনায় বুধবার দ্বিতীয় অভিযুক্তকেও গ্রেপ্তার করল শিলিগুড়ি থানার পুলিশ। ধৃতের নাম জয়ন্ত রায়। তিনি চিকিমাপাড়া এলাকায় বাড়িবাড়িতে বসবাস করতেন। পুলিশ জানিয়েছে, ধৃতের ভাড়াবাড়ি থেকে নব্বই গ্রামেরও বেশি গয়না উদ্ধার হয়েছে। ধৃতকে বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হচ্ছে।

গত ২ তারিখ মিলনপল্লিতে একটি বাড়িতে চুরির ঘটনা ঘটে। বাড়ি ফাঁকা থাকার সুযোগে সোনার গয়না নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। এরপর গত ৪ তারিখ চুরির অভিযোগে দায়ের হতেই তদন্তে নামে শিলিগুড়ি থানার পুলিশ। শুক্রবার রাতে নাটকীয়ভাবে প্রকাশ দেবে নামে এক দুষ্কৃতীকে জলপাই মোড়ের যাত্রী প্রতীক্ষালয় থেকে গ্রেপ্তার করা হয়। ধৃতের পকেট

থেকে কাপড়ে মোড়া অবস্থায় চুরি যাওয়া এক জোড়া কানের দুল ও এক জোড়া সোনা বাঁধানো পলা উদ্ধার করে পুলিশ। ধৃতকে গত রবিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে পাঁচদিনের পুলিশ হেপাজতের নির্দেশে নিজেদের হেপাজতে নিয়ে দ্বিতীয় অভিযুক্তের খোঁজ পায় পুলিশ। বুধবার দুপুরে জয়ন্তকে গ্রেপ্তার করার পাশাপাশি খাটের তলা থেকে কাপড়ে মোড়া অবস্থায় চুরি যাওয়া সন্মত গয়না উদ্ধার করে পুলিশ। এদিন সন্ধ্যায় শিলিগুড়ি থানায় একটি সাংবাদিক বৈঠক করে পুরো বিষয়টি জানান এসিপি (ইস্ট-১) সোমনাথ দাস। তিনি বলেন, ‘চুরি যাওয়া ব্যবসায়ী সোনার গয়না উদ্ধার হয়েছে। দুই দুষ্কৃতীর বিরুদ্ধে এর আগেও চুরির অভিযোগ রয়েছে।’ তিনি জানান, অভিযুক্তরা অন্য কোনও চুরির ঘটনার সঙ্গে জড়িত কি না, সেটা তদন্ত করে দেখা হচ্ছে।

## মদ্যপদের দাপট

ইসলামপুর, ১০ ডিসেম্বর : মদ্যপদের দাপট সমস্যা বাড়ছে ইসলামপুর পুর বাস টার্মিনাসে। স্থানীয়দের কথায়, মাঝে পুলিশি অভিযানের জেরে মদ্যপদের দাপট কমলেও, পুলিশি অভিযান বন্ধ হওয়ায় ফের স্বমহিমায় ফিরেছে মদ্যপরা। ফের পুলিশি অভিযানের দাবি জানিয়েছেন এলাকাবাসী। ইসলামপুর থানার তরফে অবশ্য দাবি করা হয়েছে, টার্মিনাস চত্বরে নিয়মিত নজরদারি চলে।

## স্মারকলিপি

ইসলামপুর, ১০ ডিসেম্বর : ইসলামপুর মহকুমা হাসপাতালের অব্যবস্থা নিয়ে বুধবার রক্ত কংক্রিটের তরফে হাসপাতাল কর্তৃপক্ষকে একটি স্মারকলিপি দেওয়া হয়। স্মারকলিপি দেওয়ার আগে হাসপাতালের গেটে বিক্ষোভ দেখান কংক্রিটের নেতা-কর্মীরা। রক্ত কংক্রিট সভাপতি হারুন রশিদ বলেন, দাবি পূরণ না হলে বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হব আমরা।



শীতলাপাড়ার যন্ত্রণার বেহাল রাস্তা। -সংবাদচিত্র

## রাস্তায় দুর্ভোগ শীতলাপাড়ায়

### গৌতম ঢাকী

শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : কোনও রাস্তায় পিচের প্রলেপ উঠে খুলো উড়ছে, কোথাও আবার ধারালো পাথর এমনভাবে রয়েছে, যে চলতে কষ্ট হচ্ছে। তবে মহানন্দার পাড়ে বহালতবিরিতেই চলছে নেশার আসর, নেশাগ্রস্তদের চিংকার ও হই-হটগোল। বছরের পর বছর এমন পরিস্থিতিতে ক্ষুব্ধ ৩১ নম্বর ওয়ার্ডের শীতলাপাড়া। স্থানীয়দের অভিযোগ, কাউন্সিলারকে বারবার জানিয়েও পরিস্থিতির পরিবর্তন ঘটেনি। মিলেছে শুধু আশ্বাস।

শুষ্ক আবহাওয়ায় এখন শীতলাপাড়ার বাসিন্দাদের ধুলো মাখতে হচ্ছে রাস্তায় পা রেখেই। কেননা, এলাকার অধিকাংশ রাস্তাতেই নেই পিচের প্রলেপ। পিচের আচ্ছাদন উঠে যাওয়ায় খাঁজকাটা পাথর মুখ তুলে রয়েছে। তবে স্থানীয়দের বক্তব্য, বর্ষায় রাস্তায় জল দাঁড়িয়ে যাওয়ায় পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে ওঠে। এলাকার বাসিন্দা সুমিত্রা বর্মন বলেন, ‘আমাদের এখানে রাস্তাগুলির অবস্থা এতটাই খারাপ যে চলাচল

করতে ভয় হয়। রাস্তা দিয়ে চলাচল মুশকিল, বিশেষ করে আমার মতো বৃদ্ধদের জন্য খুবই কষ্টকর। অবিলম্বে সংস্কার করা দরকার।’ এলাকার পাশ দিয়ে বয়ে যাওয়া মহানন্দা নদীর চরে প্রতিদিন বসছে নেশা ও জুয়ার আসর। স্থানীয়দের অভিযোগ, সন্ধ্যা হলেই সেখানে ভিড় জমায় বহিরাগত কিছু তরুণ। নদীর চরে বসে মদ, গাজার আসর। ফলে এলাকায় আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে এবং সামাজিক পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। স্থানীয় জিৎ দাস বলেন, ‘সন্ধ্যার পর থেকে এলাকায় বহিরাগত নেশাগ্রস্তদের আনাগোনা শুরু হয়। কোনও নেশাি বাদ থাকে না। মাঝেমাঝে তো ওরা নিজেদের মধ্যে গুণগোল বাধায়। আতঙ্কে থাকতে হচ্ছে আমাদের। কোনও নিরাপত্তা নেই এলাকায়। প্রশাসনের দ্রুত পদক্ষেপ করা উচিত।’ ওয়ার্ড কাউন্সিলার মোমিতা মণ্ডল বলেন, ‘শীতলাপাড়ার বেশ কয়েকটি রাস্তার টেন্ডার হয়ে গিয়েছে। খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে। আর নেশার বিষয়টি আমি ইতিমধ্যে স্থানীয় থানাকে জানিয়েছি। পুলিশ অভিযান চালায়। আবার পুলিশের সঙ্গে কথা বলব।’

**JOIN our GROWING TEAM!**

EXPLORE OPPORTUNITIES WITH US.

Email us at: hr@prabinagarwal.com

97330 73333







# আজ এগিয়ে চলার পালা সূর্যকুমারদের

নিউ চণ্ডীগড়, ১০ ডিসেম্বর : রইল বাকি ৯! অপেক্ষার প্রহর গোনা শুরু হয়েছে। তার সঙ্গে চলছে ভারতীয় দলে এগিয়ে চলার মিশনও। যার শুরুটা গতরাতে হয়ে গিয়েছে। আগামী ফেব্রুয়ারি-মার্চ মাসে দেশের মাটিতে টি২০ বিশ্বকাপ ভাবনায় ভারতীয় দলের সামনে ছিল মোট দশ ম্যাচ। কটক ম্যাচের পর সংখ্যাটা এখন নয়।

কটকে দক্ষিণ আফ্রিকাকে উড়িয়ে দিয়ে সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে যাওয়ার পর এবার জয়ের হৃদ ধরে রাখার চ্যালেঞ্জের সামনে টিম ইন্ডিয়া। সেই লক্ষ্য নিয়ে আজ দুই দলই নিউ চণ্ডীগড় পৌঁছে গিয়েছে। বৃহস্পতিবার সিরিজের দ্বিতীয় টি২০ ম্যাচ। সেই ম্যাচে নামার আগে টিম ইন্ডিয়ার অন্দরে যদি স্বস্তির নাম হয়ে থাকে অলরাউন্ডার হার্পিক পাণ্ডিবা ও তাঁর ফর্ম। তাহলে উদ্বেগ হিসেবে রয়েছেন শুভমান গিল।


ইডেন গার্ডেন্স টেস্টের দ্বিতীয় দিনে ব্যাটিংয়ের সময় চোট পেয়েছিলেন ঘাড়ে। তারপর থেকেই শুভমান ছিলেন ক্রিকেটের বাইরে। গতরাতে কটকের বারাবাটি স্টেডিয়ামে তাঁর প্রত্যাবর্তন সুখের হয়নি। ২ বলে ৪ রান করেছিলেন ভারতীয় টেস্ট অধিনায়ক। তাঁর ব্যাটিং দেখে কখনই স্বাভাবিক ছন্দে রয়েছেন, এমনটা মনে হয়নি। আগামীকাল নিউ চণ্ডীগড়ের মুন্সানপুরের মাঠে ফের পরীক্ষার সামনে পড়তে হবে গিলকে। অভিষেক শর্মার সঙ্গে তিনিই শুরু করবেন ভারতীয় দলের ইনসিস। শুভমান ফের রান না পেলে তাঁকে নিয়ে দৃষ্টিস্তা নিশ্চিতভাবেই বাড়বে টিম ইন্ডিয়ার।

আপাতত গিল দৃষ্টিস্তার মেঘ ভারতীয় শিবিরে সেতাবে আনাগোনা শুরু করেনি। সৌজন্যে গতরাতের কটকের টি২০। যেখানে শুভর ব্যাটারদের বার্ষিকতার পরও হার্পিক কাখে চেষ্টে ১৭৫ রানে পৌঁছে গিয়েছিল টিম ইন্ডিয়া। রবাবে রান

তাড়া করতে নেমে অশ্বীপ সিং, জসপ্রীত বুমরাহ, বরুণ চক্রবর্তীদের দাপটের সামনে ৭৪ রানে শেষ হয়ে যায় দক্ষিণ আফ্রিকা। টিম ইন্ডিয়ার মায়ারী বোলিংয়ের কোনও জবাব যে প্রোটিয়াদের কাছে ছিল না, গতরাতে ম্যাচ হারের পর সাংবাদিক সম্মেলনে হাজির হয়ে স্বীকার করে নিয়েছেন ব্যাটিং কোচ অ্যাশওয়েল প্রিন্স। তিনি বলেছেন, ‘হার্পিক দুই দলের মধ্যে ফারাক গড়ে দিয়েছে ঠিকই। একইসঙ্গে ভারতীয় বোলারদের বিরুদ্ধে আমরা কোনও প্রতিরোধই গড়ে তুলতে পারিনি। আরও সচেতন

হয়ে ব্যাটিং করতে হবে আমাদের।’ টিম ইন্ডিয়ার অলরাউন্ডার হার্পিককেও প্রশংসায় ভরিয়ে দিয়েছেন প্রোটিয়া ব্যাটিং কোচ। প্রিন্সের কথায়, ‘হার্পিক অসাধারণ। গতরাতে চাপের মুখে একাই ভারতের রান এগিয়ে নিয়ে গিয়েছিল ও। হার্পিককে থামানোর পথ খুঁজে পাইনি আমরা।’ হার্পিক আবেগে ভাসছে ক্রিকেটমহলও। এশিয়া কাপের আসরে চোট পেয়েছিলেন ভারতীয় অলরাউন্ডার। সেই চোট সারিয়ে সেদ মুস্তাক আলি টুফি টি২০-তে বরোদার হয়ে ফিরেই চমক

## শুভমানের ফর্ম নিয়ে উদ্বেগ



বুধবার দ্বিতীয় টি২০-তে শুভমান গিলের থেকে বড় রানের আশায় ভারত।



দ্বিতীয় টি২০ খেলতে নিউ চণ্ডীগড় পৌঁছে গেলেন সূর্যকুমার যাদব। বুধবার।

দিয়েছিলেন তিনি। আন্তর্জাতিক আন্ডিনাতেও একই ছবি হার্পিকের ক্রিকেটে। অলরাউন্ডার হার্পিকের উপস্থিতি যে টিম ইন্ডিয়ার ভারসাম্য অনেক ভালো করে দেয়, সেটা সবারই জানা। কটকে সেটা নতুনভাবে প্রমাণ হয়েছে। হার্পিকের পারফরমেন্স দেখে আবেগে ভেসেছেন তাঁর বান্দবী মাহেইকা শর্মাও। হার্পিককে ‘মাই হিরো’ ও ‘কিং’ বলে আখ্যা দিয়েছেন তিনি। চলতি টি২০ সিরিজে দক্ষিণ আফ্রিকা কীভাবে ঘুরে দাঁড়াবে, আসৌ

ভারত বনাম দক্ষিণ আফ্রিকা
দ্বিতীয় টি২০ আজ
সময় : সন্ধ্যা ৭টা
স্থান : নিউ চণ্ডীগড়
সম্প্রচার : স্টার স্পোর্টস
নেটওয়ার্ক ও জিওইন্টার

পারবে কিনা-সময় তার জবাব দেবে। তার আগে ক্রিকেটমহলের নজরে এখন নিউ চণ্ডীগড়ের মুন্সানপুরের মাঠ। যেখানে আগামীকাল পুরুষদের ক্রিকেটে প্রথম আন্তর্জাতিক ম্যাচ হতে চলেছে। মুন্সানপুরের মাঠে অতীতে মহিলাদের আন্তর্জাতিক ম্যাচ হলেও পুরুষদের প্রথম ম্যাচকে কেন্দ্র করে রীতিমতো উসবের আবহ রয়েছে। সঙ্গে দুই দলের জন্যই রয়েছে শিশির আতঙ্কও। কটকের

তুলনায় নিউ চণ্ডীগড়ে ঠান্ডার প্রকোপও অনেক বেশি। সন্ধ্যা থেকে রাতের দিকে নিয়ম করে শিশিরও পড়ছে। দুই দলের বোলাররা কীভাবে শিশিরের মোকাবিলা করবেন, তার মধ্যেই ম্যাচের ভাগ্য লুকিয়ে থাকবে বলে মনে করা হচ্ছে।

মুন্সানপুরের মাঠে সিরিজের দ্বিতীয় টি২০ ম্যাচ খেলতে নামার আগে টিম ইন্ডিয়ার জন্য বাড়তি সুবিধাও থাকছে। প্রথম একাদশের প্রায় সব ক্রিকেটারই আইপিএলের সুবাদে এই মাঠে খেলেছেন। ফলে পিচের চরিত্র থেকে শুরু করে রাতের শিশির সম্পর্কে ভালোরকম ধারণা রয়েছে সূর্যকুমার যাদবদের। তাছাড়া ঘরোয়া ক্রিকেটের সুবাদে টিম ইন্ডিয়ার তিন ‘পাঞ্জাব কা পুন্ডর’ গিল-অর্শদীপ-অভিষেকরা মুন্সানপুরের মাঠ সম্পর্কে ভালোরকম ওয়াকিবহাল। ফলে অর্শদীপদের অভিজ্ঞতা ভারতীয় টিম ম্যানেজমেন্টের এক্স ফ্যাক্টর হতে চলেছে নিশ্চিতভাবেই। কটক থেকে একই বিমানে আজ দুই দলই একসঙ্গে নিউ চণ্ডীগড় পৌঁছে গিয়েছে। কোনও দলেরই আজ অনুশীলন ছিল না। যদিও দুই দল নিউ চণ্ডীগড়ে পৌঁছে যাওয়ার পর সেখানে সিরিজের দ্বিতীয় টি২০ ম্যাচকে কেন্দ্র করে আরোপের বিক্ষোভ ঘটতেই বলে খবর। টিকিটের ভালোরকম চাহিদাও রয়েছে।

# শীর্ষেই রোহিত, ধাওয়া বিরাটের

দুবাই, ১০ ডিসেম্বর : ২০২৭ ওডিআই বিশ্বকাপে কি বিরাট কোহলি, রোহিত শর্মাকে দেখা যাবে?

কোটি টাকার প্রশ্ন। প্রশ্নটাকে ঘিরে বিতর্কও তুঙ্গে। দুই তারকাকে নিয়ে টিম ম্যানেজমেন্ট, নির্বাচক কমিটির ‘শীতল’ অবস্থান বিতর্কে ঘি ঢালছে, রোকোর বিশ্বকাপ ভবিষ্যৎ ঘিরে অনিশ্চয়তা বাড়িচ্ছে। যদিও বাইশ গজের পারফরমেন্সে ঠিক বিপরীত ছবি। সতীর্থদের সামগ্রিক ব্যর্থতা ঢেকে সাফল্যের ভিত গড়ে দিচ্ছেন অভিজ্ঞ দুই তারকাই।

বিরাট, রোহিতের ধারাবাহিক সাফল্যের প্রতিফলন আইসিসি ওডিআই ব্যাটারদের র‍্যাংকিংয়েও বেশ কিছুদিন ধরেই শীর্ষস্থানে রয়েছেন হিটম্যান। আজ প্রকাশিত ক্রমতালিকাতেও সেই অবস্থান আট রোহিতের। তবে কতদিন, সেই প্রশ্নটাই উসকে দিচ্ছেন স্বয়ং

বিরাট (৭৭৩) মাত্র ৮ পয়েন্টে পিছিয়ে। একটা বড় ইনিংসে যে ব্যবধান মুছে যেতে পারে। বিরাটের উত্থানের জেরে মিচেল ও জাদরান যথাক্রমে একধাপ পিছিয়ে তৃতীয় ও চতুর্থ স্থানে আছেন। ২০২১ সালের মার্চে শেষবার ওডিআই ব্যাটিংয়ে শীর্ষস্থানে ছিলেন বিরাট। পাকিস্তানের

তৃতীয় স্থানে উত্তরণ ঘটেছে ভারতীয় রিস্ট স্পিনারের। সামনে শুধু আফগানিস্তানের রশিদ খান ও ইংল্যান্ডের জোয়া আচার। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ওডিআই সিরিজে সর্বাধিক ৯টি উইকেট নেন কুলদীপ। ইকনমি রेट ৬.২৩। সিরিজের নিণায়ক ম্যাচে ১০



অখণ্ড অবসর। ছুটির মেজাজে রোহিত শর্মা। বুধবার মুম্বইয়ে।

বিরাট! অস্ট্রেলিয়া সফরে প্রথম দুই ম্যাচে রানের খাতা খুলতে পারেননি। কিন্তু পরবর্তী চার ম্যাচে আক্ষেপটা কড়ায় গভায় মিটিয়ে নিয়েছেন।

টানা চার ম্যাচে পঞ্চাশ প্লাস স্কোর। যার মধ্যে দুইটিতে আবার তিন অঙ্কের স্কোর। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তিন ম্যাচের সিরিজে ১৫১ ব্যাটিং গড়ে করেছেন ৩০২ রান। সিরিজের সেরাও নিবাচিত হন কিং কোহলি। দরুস্ত যে সাফল্যের সুবাদে চার থেকে এক লাফে দ্বিতীয় স্থানে পৌঁছে গিয়েছেন।

পাওয়ার ১৫০০-এর নিউজিল্যান্ডের ডারিল মিচেল ও আফগানিস্তানের ইব্রাহিম জাদরানকে। নতুন বছরে নিউজিল্যান্ডের বিরুদ্ধে ওডিআই সিরিজে সুযোগ থাকবে রোহিতকে উপক্ষে সিংহাসন দখলেরও।

শীর্ষস্থানে থাকা রোহিত ৭৮১ পয়েন্টে রয়েছেন। সতীর্থের থেকে

বাবর আজমের কাছে যে স্থান হারান। পাঁচ রোহিতের হাত থেকে সদ্য নেতৃত্ব পাওয়া শুভমান গিল (৭২৩ পয়েন্ট)। চোটের জন্য মাঠের বাইরে থাকা শ্রেয়াস আইয়ারও সেরা দশে জায়গা ধরে রেখেছেন। ৬৭৯ পয়েন্টে নিয়ে দশম স্থানে শ্রেয়াস।

বোলিং বিভাগে দ্রুত এগোচ্ছেন কুলদীপ যাদব। তিন পাশ এগিয়ে

# সঞ্জু দাদার মতো : জিতেশ

চণ্ডীগড়, ১০ ডিসেম্বর : গৌতম গম্ভীরের শুভবুকে ছিলেন একসময়। গম্ভীর জমানায় শুরুর দিকে একাধিক টি২০ শতরানে মন জিতে নিয়েছিলেন নতুন হেডকোচের। যদিও কয়েক মাস কাটতে না কাটতে ছবিটা ক্রমশ বদলাচ্ছে। টিম কপিনেশনের যুক্তিতে দলে অনিয়মিত হয়ে পড়েছেন সঞ্জু স্যামসন। জিতেশ শর্মার মতো নতুনরা অগ্রাধিকার পাচ্ছেন!

কটকে অনুষ্ঠিত টি২০ সিরিজের উদ্বোধনী ম্যাচে সঞ্জু নয়, জিতেশকে খেলানো হয়েছে। সুযোগ কাজে লাগাতে ভুলচুক করেনি জিতেশ। ডেথ ওভারে নেমে খুব বেশি বল পাননি। তবে উইকেটকিপারের দায়িত্বে জিতেশের পারফরমেন্স প্রশংসা কুড়িয়ে নিয়েছে। প্রাক্তনদের অনেকে মতো, যা সঞ্জুর কেরিয়ায়ে আরও অনিশ্চয়তা তৈরি করেছে।

## ‘দলে আমার ভূমিকা কী জানি’

ক্রিকেটমহল যখন এনে তজ্জয় সরগরম, তখন সিনিয়ার সতীর্থ সম্পর্কে আবেগ বার পড়ল জিতেশের। জানান, সঞ্জু স্যামসন তাঁর বড় ভাইয়ের মতো। দাদার মতোই সম্মান করেন। দুজনেই উমতির লক্ষ্যে পরিশ্রম করছেন। জিতেশ বলেছেন, ‘আমার সৌভাগ্য এই ভারতীয় দলে সঞ্জুভাইকে পেয়েছি। সত্যি কথা বলতে ও আমার দাদার মতো। আর যখন সুস্থ প্রতিযোগিতা থাকে দলের মধ্যে, তখন সেরাটা বেরিয়ে আসে। দলের জন্য যা ভালো।’

ভারতীয় ক্রিকেটের গম্ভীরতার কথা তুলে জিতেশ আরও বলেছেন, ‘ভারতীয় দলে প্রতিভার ছড়াছড়ি। যার প্রভাব ক্রিকেটারদের ওপরও পড়ছে। এই ম্যাচে সঞ্জুভাই সুযোগ



উইকেটের পিছনে গ্লাভস হাতে জিতেশ শর্মার পারফরমেন্স চাপ বাড়চ্ছে সঞ্জু স্যামসনের উপর।

ভারতীয় দলে প্রতিভার ছড়াছড়ি। যার প্রভাব ক্রিকেটারদের ওপরও পড়ছে। এই ম্যাচে সঞ্জুভাই সুযোগ পাবেনি। আমি খেলেছি। ও গ্রেট প্লেয়ার। সেরাদের অন্যতম। ওর মতো ক্রিকেটারের সঙ্গে প্রতিযোগিতা করতে হলে নিজের খেলাকে সেই উচ্চতায় নিয়ে যেতে হবে। আমাকে যা সেরা খেলাটা তুলে আনতে সাহায্য করবে। -জিতেশ শর্মা

পাবেনি। আমি খেলেছি। ও গ্রেট প্লেয়ার। সেরাদের অন্যতম। ওর মতো ক্রিকেটারের সঙ্গে প্রতিযোগিতা করতে হলে নিজের খেলাকে সেই উচ্চতায় নিয়ে যেতে হবে। আমাকে যা সেরা খেলাটা তুলে আনতে সাহায্য করবে।

প্রতিযোগিতা থাকলেও সম্পর্কে বিন্দুমাত্র প্রভাব পড়েনি। সবসময় নিজদের মধ্যে মত বিনিময় করেন। সিনিয়ার হিসেবে সঞ্জুও তাঁর অভিজ্ঞতা ভাগ করে নেন। জিতেশের

কথায়, ‘আমাদের দুজনের মূল লক্ষ্য দেশের প্রতিনিধিত্ব করা, অন্য কোনও টিমে খেলা নয়। আমরা দুজন ভাইয়ের মতো। নিজদের মতো মত বিনিময় করি। ব্যাটিং হোক বা উইকেটকিপিং, সবকিছু নিয়ে অনেক সাহায্য পাই ওর থেকে।’

## ডিনার টেবিলেও সুইপ!

# ১৫ বছর পর ‘ঋণ’ শোধ করেছিলেন শচীন

মুম্বই, ১০ ডিসেম্বর : কথা দিয়েছিলেন। কথা রেখেছিলেন। অবশ্য মাঝে দেড় দশক পার! গুরুশরণ সিকে নিয়ে এমনই মজার গল্প শুনিয়েছেন শচীন তেডুলকার। শুধু কথা রাখা নয়, শোধ করেছিলেন গুরুশরণের ঋণও। ইরানি টুফির ম্যাচ। অবশিষ্ট ভারতীয় একাদশের হয়ে খেলছিলেন শচীন। জাতীয় দলে ডাক পাওয়ার ক্ষেত্রে যে ম্যাচ কার্যত ‘অ্যাসিড টেস্ট’ ছিল। দলের নবম উইকেট যখন পড়ে, শচীন ৮৫ রানে খেলছিলেন।

তরুণ সতীর্থের শতরান পুরস্কার জন্য ভাড়া হাত নিয়ে নেমেছিলেন গুরুশরণ। শেষপর্যন্ত শচীন সেফুরি করেন এবং পরপর জাতীয় দলে ডাক। ১৯৯০ সালের নিউজিল্যান্ড সফরে ভারতীয় দলে ছিলেন গুরুশরণও।



ফর্মুলা ওয়ানে প্রথমবার বিশ্ব চ্যাম্পিয়ন হয়েছেন ইংল্যান্ডের ল্যাডো নরিস। তাঁকে অভিনন্দন জানানো শচীন তেডুলকার।

শচীন তখন কথা দিয়েছিলেন, গুরুশরণের বেনেফিট ম্যাচে খেলবেন। (দেড় দশক পর ২০০৫ সালে সেই বেনিফিট ম্যাচ খেলেন।) যেখানে সতীর্থের ডাকে সাড়া দিয়ে মাঠে নেমেছিলেন ততদিনে কিংবদন্তি হয়ে যাওয়া মাস্টার ব্লাস্টার।

গতকাল মুম্বইয়ের এক অনুষ্ঠানে সেই স্মৃতিরোমন্থন করে শচীন বলেছেন, ‘জাতীয় দলে ডাক পাওয়ার ক্ষেত্রে ওটা কার্যত ট্রায়াল ম্যাচ ছিল। গুরুশরণ ভাড়া হাত নিয়ে খেলে আমাকে সেফুরি করতে সাহায্য করেছিলেন। ওর যে প্রচেষ্টা আমার হৃদয় ছুঁয়ে গিয়েছিল। পরে জাতীয় দলে ডাক পাই। ওকে জাতীয় দলের সতীর্থ হিসেবে পেয়েছি।’

শচীন আরও বলেছেন, ‘ওইসময় অবসরপ্রাপ্ত ক্রিকেটারদের বেনিফিট ম্যাচ হত। নিউজিল্যান্ড সফরের সময় গুশিকে (গুরুশরণ সিং) বলেছিলাম, ‘তুমি যখন অবসর নেবে, তুমি বেনিফিট ম্যাচ হবে আমি খেলব। ১৫ বছর পর ফোন করে আমাকে বেনিফিট ম্যাচের কথা বলে। খেলেছিলাম আমি। পুরোনো সেই স্মৃতি এখনও আমার কাছে তরতাজ। গর্বের সঙ্গে বলতে পারি, কথা দিয়ে কথা রেখেছিলাম।’

এদিকে, নভজ্যোৎ সিং সিধু আবার শচীনকে নিয়ে অন্য মজার গল্প শুনিয়েছেন। স্পিন-দুর্বলতা কাটিতে নাকি ডিনার টেবিলেও সুইপ করতেন মাস্টার ব্লাস্টার। প্রাক্তন ওপেনার সিধু বলেছেন, ‘শ্রীলঙ্কার বিরুদ্ধে টেস্ট। সনঃ জয়সুর লেগসাইডে একনাগাড়ে বল করে ব্যাটছিল শচীনকে। ও তখন সুইপ মারত না। পুল করতে গিয়ে আউট হয়। হতাশায় সবাই টিমবাসে উঠে পড়লেও শচীন ঠাই সাজঘরে। ওকে ডেকে ব্যাপারটা হালকা করি।’

শচীন যদিও বিষয়টিকে হালকাভাবে নেননি। নেটে ১০ জন বহিষ্টি স্পিনারকে ডেকে নিয়ে সকাল সাতটা থেকে একটানা সুইপ শট প্র্যাকটিস। সিধুর কথায়, ‘এর আগে কখনও সুইপ করতে দেখিনি ওকে। সারাক্ষণ সুইপ করে গেল। এমনকি ডিনার টেবিলেও! কাটা চামচ নিয়েও সুইপ করছিল শচীন। আমাদের সঙ্গে সঞ্জয় মঞ্জরেকর, অজয় জাদেজাও ছিল। প্রত্যেকেই অবাক। আসলে স্বপ্ন দেখলেই শুধু হয় না, তা সফল করার তাগিদ থাকা দরকার। শচীন সবার কাছে এই ব্যাপারে উদাহরণস্বরূপ।’

শচীন যদিও বিষয়টিকে হালকাভাবে নেননি। নেটে ১০ জন বহিষ্টি স্পিনারকে ডেকে নিয়ে সকাল সাতটা থেকে একটানা সুইপ শট প্র্যাকটিস। সিধুর কথায়, ‘এর আগে কখনও সুইপ করতে দেখিনি ওকে। সারাক্ষণ সুইপ করে গেল। এমনকি ডিনার টেবিলেও! কাটা চামচ নিয়েও সুইপ করছিল শচীন। আমাদের সঙ্গে সঞ্জয় মঞ্জরেকর, অজয় জাদেজাও ছিল। প্রত্যেকেই অবাক। আসলে স্বপ্ন দেখলেই শুধু হয় না, তা সফল করার তাগিদ থাকা দরকার। শচীন সবার কাছে এই ব্যাপারে উদাহরণস্বরূপ।’



## আইয়ারের প্রশংসায় নায়ার

মুম্বই, ১০ ডিসেম্বর : পরিকল্পনা শুরু হয়ে গিয়েছে। কীভাবে, কোন ক্রিকেটারকে নিলারের আসরে টার্গেট করা হবে, আইপিএলের দশ ফ্র্যাঞ্চাইজি দলের শীর্ষকরাই এখন সেই আলোচনায় ডুবে।

এমন অবস্থার মধ্যে আজ কলকাতা নাইট রাইডার্স ও পাঞ্জাব কিংস, দুই ফ্র্যাঞ্চাইজি দলের অন্দরে দুই ধরনের ভাবনার কথা সামনে এসেছে। শেষ আইপিএল নিলামে ২০.৭৫ কোটি টাকার বিনিময়ে ডেব্রুটেশ আইয়ারকে দলে নিয়েছিল কেকেয়ার। তাঁকে দলের সহ অধিনায়কের দায়িত্বও দেওয়া হয়েছিল। বাস্তবে আইপিএলের আসরে সম্পূর্ণ বার্থ হয়েছিলেন আইয়ার। প্রতিযোগিতার মাঝেই তাকে প্রথম একাদশ থেকে বসিয়ে দেওয়া হয়েছিল।

## নিলামে হয়তো নেই পন্টিং

পরবর্তী সময়ে আইয়ারকে রিটেইন করেনি শাহরুখ খানের দল। ফের নিলামে উঠতে চলেছেন ডেব্রুটেশ। কোন দল তাঁকে নেবে, সমায় তার জবাব দেবে। তার আগে আজ মুম্বইয়ে এক অনুষ্ঠানে হাজির হয়ে কেকেয়ারের নতুন কোচ অভিষেক নায়ারের গলায় আইয়ারকে নিয়ে শোনা গিয়েছে আগামী বার্তা। কেকেয়ার কোচ অভিষেক বলেছেন, ‘ডেব্রুটেশ দুর্দান্ত প্রতিভা। ওর মধ্যে একটা অদ্ভুত সাহস রয়েছে। সেই সাহসের কারণেই একসময় ওকে কেকেয়ারে নেওয়া হয়েছিল। ওর মানসিকতা বরাবরই ছিল বাকিদের চেয়ে আলাদা। ডেব্রুটেশের ভবিষ্যতের জন্য শুভেচ্ছা রইল।’

একদিকে নাইট সৎসারে যখন আইয়ারের প্রশংসায় মজাজেন কোচ নায়ার। তখন পাঞ্জাবের অন্দরে ছবিটা আবার আলাদা। ১৬ ডিসেম্বর আবু ধাবিতে ২০২৬ সালের আইপিএল নিলামের আসরে পাঞ্জাব অধিনায়ক শ্রেয়াস আইয়ার থাকলেও কোচ রিকি পন্টিং হয়তো থাকছেন না। জানা গিয়েছে, ব্যক্তিগত কারণে তিনি নিলামের সময় অস্ট্রেলিয়াতেই থাকবেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে নিলাম নিয়ে তাঁর সতীর্থদের সঙ্গে আলোচনা সেবে যেনে পন্টিং।

# চোট সারিয়ে অ্যাডিলেডে প্রত্যাবর্তন কামিন্সের

অ্যাডিলেড, ১০ ডিসেম্বর : প্রত্যাশা ছিল। অন্যথা হল না। অ্যাডিলেড টেস্টের দলে ফিরলেন প্যাট কামিন্স। প্রথম দুই টেস্টে খেলতে পারেননি। পরিবর্তে নেতৃত্ব দেন সিডেন স্মিথ। দুই টেস্টেই ইংল্যান্ডকে হারিয়ে ২-০ ব্যবধানে এগিয়ে ক্যান্ডাক রিগেড। ১৭ ডিসেম্বর শুরু তৃতীয় টেস্ট। জয়ের হ্যাটট্রিকে সিরিজ নিশ্চিত করে ফেলতে বন্ধপরিকর অস্ট্রেলিয়া। লক্ষ্যপুরণের দ্বৈরথে নিয়মিত অধিনায়ক কামিন্সের প্রত্যাবর্তন অজিদের শক্তি অনেকটাই বাড়িয়ে দিল।

গত জুলাইয়ে শেষবার অস্ট্রেলিয়ার হয়ে খেলেছেন কামিন্স। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে তৃতীয় টেস্টের পর থেকে পিঠের চোটে মাঠের বাইরে ছিটকে যান। লম্বা

কামিন্সের প্রত্যাবর্তনটুকু সরিয়ে রাখলে জর্জ বেইলিদের নিবাচিত দলে সেই অর্থে কোনও চমক নেই। থাকার কথাও ছিল না। প্রথম দুই টেস্টে ব্যাট-বলে দাপট

## তৃতীয় টেস্টের জন্য অস্ট্রেলিয়া স্কোয়াড ঘোষণা

প্রতীক্ষার পর অবশেষে প্রত্যাবর্তন। কামিন্সের প্রত্যাবর্তনে কোপ পড়েছে সিন আবার্টের ওপর। হাতে প্রায় সপ্তাহখানেক থাকলেও এদিনই অ্যাডিলেড টেস্টের ১৫ জনের দল ঘোষণা করল অস্ট্রেলিয়া।

দেখানোর পর অযথা কাটাছেড়ার পথে হাটেনি অজি নির্বাচক কমিটি। টানাপোড়েন থাকলেও অভিজ্ঞ ওপেনার উসমান খোয়াজা তাঁর জায়গা ধরে রাখতে সক্ষম হয়েছেন। তবে খোয়াজার

অনুপস্থিতিতে রিসবেন টেস্টে নতুন ওপেনার জেক ওয়েদারাল্ড সাফল্য পাওয়ার ফলে ওপেনিংয়ে নতুন বিকল্প ঘুরপাক খাচ্ছে অজি সাজঘরে। অ্যাডিলেড টেস্টে ফের ওয়েদারাল্ড অগ্রাধিকার পেলে বাকি কিছু থাকবে না।

অলরাউন্ডার বিউ ওয়েবস্টার ও নাথান লায়োন রিসবেন একাদশে জায়গা না পেলেও পরবর্তী টেস্টের দলে রয়েছেন। স্পিন তারকা লায়োনের বাদ পড়া নিয়ে গত কয়েকদিন ধরে বিতর্ক তৈরি হয়েছে। হতাশা গোপন করেননি স্বয়ং লায়োনও। সতীর্থের অভিমান মোটাতে হাল ধরতে

হয়েছে গত দুই টেস্টের ‘স্টপগ্যাংপ আধিনায়ক’ স্মিথকেও। অ্যাডিলেড তুলনায় স্পিন সহায়ক। সেখানে সেস রিগেডে কাটছাট করে প্রথম এগারোয় লায়োনের প্রত্যাবর্তনের সম্ভাবনা উজ্জ্বল। অ্যাডিলেড টেস্টের স্কোয়াড : প্যাট কামিন্স (অধিনায়ক), স্টিভেন স্মিথ, ফ্রুট বোল্যান্ড, অ্যালেক্স ক্যারি, ব্রেডন ডগেট, ক্যামেরন গ্রিন, ট্রাভিস হেড, জোশ ইনগ্লিস, উসমান খোয়াজা, মানাস লাবুশেন, নাথান লায়োন, মাইকেল নেসের, মিচেল স্টার্ক, জেক ওয়েদারাল্ড ও বিউ ওয়েবস্টার।



জিম সেশনে প্যাট কামিন্স।





শ্রুভেদ্যা  
জন্মদিন

জন্মদিন : আজ তামার তৃতীয় জন্মবার্ষিকীতে আমাদের প্রাণভরা ভালোবাসা, আশীর্বাদ ও শুভেচ্ছা। তুমি সুস্থ থাকো, ভালো থাকো ও বড় মানুষ হও। তোমার বাবা শশী চন্দ্র সরকার, মাতা স্বর্গীয় আনামিকা রায় সরকারের ঐশ্বর্যিক আশীর্বাদ, দাদা আহান, অতীক, চঞ্চল, পিকলু, জয়দীপ, দিদি মুন, অনন্যা, তাতা, তাতী, পিপি, মিমি মেসো, জ্যাঠা-জ্যাঠি, বন্মা, দাদু, শুভাকান্তী। শান্তিনিকেতন, শুশ্রূতনগর, শিলিগুড়ি।

## জুনিয়ার হকি বিশ্বকাপ

## ব্রোঞ্জ ভারতের

চেন্নাই, ১০ ডিসেম্বর : সেমিফাইনালে জামানির কাছে হেরে বিশ্বজয়ের স্বপ্ন আগেই খুলিস্যাং হয়েছিল। তবে এবারের জুনিয়ার হকি বিশ্বকাপ থেকে খালি হাতে ফিরছে না ভারত। বৃহবার পিয়ার সীজেরের ছেলেরা দুইবার পিছিয়ে পড়েও ৪-২ গোলে আর্জেন্টিনাকে হারিয়ে ব্রোঞ্জ জিতেছে। ৩ মিনিটে আর্জেন্টিনাকে এগিয়ে দেন নিকোলাস রুরিগুয়েজ। ৪৪ মিনিটে ব্যবধান বাড়ান স্যাটিয়ামো ফানাভেজ প্রথম তিনটি কয়েটারে পিছিয়ে থাকলেও শেষ ১৫ মিনিটে বড় ব্রোঞ্জ জিতে নেয় ভারত। ৪৯ মিনিটে ব্যবধান কমান অঙ্কিত পালা। তিন মিনিট পর সমতা ফেরান মনমিত সিং। ৫৭ ও ৫৮ মিনিটে যথাক্রমে সবানন্দ তিওয়ারি এবং আনমোল এক্সার গোল ভারতের ব্রোঞ্জ জয় নিশ্চিত করে।

## ‘ক্রিকেটকেই সবচেয়ে বেশি ভালোবাসি’

## বিষে ভাঙার পর প্রথমবার মুখ খুললেন মাক্কানা

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর : ২৩ নভেম্বর ভারতীয় মহিলা দলের তারকা ওপেনার স্মৃতি মাক্কানার সঙ্গে পলাশ মুন্ডলের বিয়েটা হলে এতদিনে তারা সুখী গৃহকোণের একাধিক মুহূর্ত সামগ্রিক মাধ্যমে তুলে ধরতেন। কিন্তু সেদিন স্মৃতি হজির যাওয়া ৭ ডিসেম্বর বিয়ে ভেঙে দেওয়ার সিদ্ধান্ত নেন। পলাশকেও সামাজিক মাধ্যমে আনফলো করে দেন। পরদিন ব্যাট হাতে স্মৃতিকে অনুশীলনে দেখা গিয়েছিল। বিয়ে ভেঙে দেওয়ার পর বৃহবারই প্রথমবার মুখ খুললেন মাক্কানা। বিশ্বকাপজয়ী অধিনায়ক হরমণপ্রীত



ম্যাচের সেরা হয়ে পঙ্কজ গুপ্ত।

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : মহকুমা ক্রীড়া পরিষদের ১০ দলীয় মণ্ডলনাথ সরকার, স্নেহলতা সরকার ও জগদীশ সিনহা ট্রফি নিউ আইডিয়াল

## বিবেকানন্দকে জেতালেন মিতেই

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : মহকুমা ক্রীড়া পরিষদের ১০ দলীয় পিসি মিতাল, নারায়ণচন্দ্র দাস ও অজয়কুমার গুহ ট্রফি শিলিগুড়ি প্রিমিয়ার লিগ ফুটবলে বৃহবার বিবেকানন্দ ক্লাব ১-০ গোলে হারিয়েছে দেশবন্ধু স্পোর্টিং ইউনিয়নকে। ২০ মিনিটে ম্যাচের একমাত্র গোল করেন এসপি মিতেই। ম্যাচের সেরা হয়ে বিবেকানন্দের রোহিত সাইলোয়া পেয়েছেন বাসন্তী দে সরকার ট্রফি। বৃহস্পতিবার নামবে উল্কা ক্লাব ও আঠারোখাই সরোজিনী সংঘ।

## জয়ন্য হার শিলিগুড়ির

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সিএবি-র আন্তঃ জেলা অনূর্ধ্ব-১৮ ছেলেরদের দুইদিনের ক্রিকেট নিজেদের প্রথম ম্যাচে বর্ধমানের বিরুদ্ধে ১৩৮ রানে জয়ন্য হার হজম করল শিলিগুড়ি। মঙ্গলবার প্রথমদিনের শেষে বর্ধমানের ২০৯ রানের জবাবে শিলিগুড়ি ৬৫/৯ স্কোরে ঝুঁকছিল। শিলিগুড়ির পরাজয় তখনই নিশ্চিত হয়ে যায়। বৃহবার যার অন্যথা হয়নি। শিলিগুড়ি এদিন ২৫ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়।

# পিছিয়ে পড়েও জয়ী বার্সেলোনা

## চেলসিকে হারিয়ে চমক আটালান্টার ■ স্বস্তির জয় লিভারপুলের

বার্সেলোনা ও মিলান, ১০ ডিসেম্বর : প্রথমার্ধে গোল হজম। দ্বিতীয়ার্ধে তিন মিনিটের ব্যবধানে জুলেস কুন্দের দুই গোল। এই পরিস্থিতিতে ফ্রান্সফুটকে হারিয়ে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে জয়ের সরণিতে ফিরল বার্সেলোনা। অন্যদিকে, মহম্মদ সালাহকে খিরে বিতর্কের মাঝে স্বস্তির জয় পেল লিভারপুল। চ্যাম্পিয়ন্স লিগের মধ্যে চেলসিকে হারিয়ে চমক দিল আটালান্টা।

লা লিগায় দারুণ ছন্দে। তবে চ্যাম্পিয়ন্স লিগে পরপর দুই ম্যাচে জয় অথবা। এই পরিস্থিতিতে মঙ্গলবার ফ্রান্সফুটের বিরুদ্ধে মাঠে মেমেছিল কাতালান জায়েন্টরা। সেই ম্যাচে জামানির ক্লাবটিকে ২-১ গোলে হারাল বাসা। ম্যাচের

## ভুল সবাই করে। তবে সেই ফুটবলারকেই

ভাবে হবে যে সে কী ভুল করেছে। সেই তাগিদটা তাহলে কার দিক থেকে থাকা উচিত?

## আর্নে স্ট্রট, লিভারপুলের কোচ

(মহম্মদ সালাহর ক্লাব ছাড়ার জল্পনা প্রসঙ্গে)

শুরু থেকে দাপট ছিল বার্সেলোনার। ২১ মিনিটে গতির বিপরীতে গিয়ে এক গোল দেয় ফ্রান্সফুট। দ্বিতীয়ার্ধে ম্যাচে ফিরল হাঙ্গারি ক্লিকের দল। তবে স্টাইকাররা গোল পেলেন না। ৫০ ও ৫৩ মিনিটে পরপর দুইটি গোল করেন কুন্দের। প্রথম গোলাটির অ্যাসিস্ট মাকসি র্যাশফোর্ডের। দ্বিতীয় গোলে অবদান লামিনে ইয়ামালের।

এদিকে, গত কয়েকদিন ধরেই সালাহ বিতর্কে বদ্ধ লিভারপুল। শোনা যাচ্ছে, শীঘ্রই অ্যানফিল্ডের ক্লাব ছাড়বেন মিশরীয় তারকা। শুধু তাই নয়, প্রিমিয়ার লিগেও ক্রমশ পিছিয়ে পড়ছে লিভারপুল। এরই মাঝে সান সিরোতে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে ইন্টার মিলানের বিপক্ষে

## লিভারপুলকে জিতিয়ে শুনো লাফ ডমিনিক সোবোসলাইয়ের (বোয়ে)। গোলের

পর হংকার বার্সেলোনার জুলেস কুন্দের। মঙ্গলবার রাতে চ্যাম্পিয়ন্স লিগে।

স্বস্তির জয়। ম্যাচের শেষ মুহূর্তে পেনাল্টি থেকে গোল। স্পটকিকে লক্ষ্যভেদ করেন ডমিনিক সোবোসলাই। তাতেই ইন্টারকে ১-০ গোলে হারাল লিভারপুল।

ম্যাচ শেষে সালাহকে খিরে গৃহস্থদের প্রসঙ্গে লিভারপুল কোচ আর্নে স্ট্রট জানানেন, মিশরীয় তারকার জন্য অ্যানফিল্ডের দরজা খোলা। সালাহর নাম না করেই তিনি বলেছেন, ‘ভুল সবাই করে। তবে সেই ফুটবলারকেই ভাবতে হবে যে সে কী ভুল করেছে। সেই তাগিদটা তাহলে কার দিক

## ফলাফল

বায়ন মিউনিখ ৩-০ স্পোর্টিং লিসবন  
আটালান্টা ২-০ চেলসি  
বার্সেলোনা ২-১ এইনট্রাখট ফ্রান্সফুট  
ইন্টার মিলান ০-১ লিভারপুল  
টটেনহাম হটস্পার ৩-০ ব্রায়টা থায়া  
পিএসভি আইন্দহোভেন ২-৩ আটলেটিকো মাদ্রিদ  
মোনাকো ১-০ গালাতাসারে  
ইউনিয়ন সেন্ট গিলোইসে ২-৩ মার্সেই  
কাইরাত একসি ০-১ অলিম্পিয়াকোস

## ফেডারেশন সহ সচিবের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ ডিসেম্বর : শেষপর্যন্ত আদৌ কি হবে ইন্ডিয়ান সুপার লিগ বা দেশের শীর্ষ লিগ? পরিস্থিতি যদিও গড়াচ্ছে তাতে ‘সময় বহিয়া যায় নদীর স্রোতের প্রায়,’ কিন্তু মেলে না কোনও সমাধানসূত্র।

যখন মনে হচ্ছিল, শীর্ষ আদালতের রায়ের পরই হয়তো খুলে যাবে ইন্ডিয়ান সুপার লিগ করার দরজা। কিন্তু এদিন অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের সহ মহাসচিব এম সত্যনারায়ণনের ক্লাব সিইও-দের কাছে পাঠানো চিঠি কিন্তু নতুন করে আশঙ্কার জন্ম দিয়ে গেল।

ফেডারেশন সভাপত্যিকের সিসি করা হয়েছে এই চিঠি। এর আগে ক্লাব সিইও-রা গত ৫ ডিসেম্বর কল্যাণ চৌধুরীকে একটি চিঠি দেন। যা একসি গোয়ার রবি পুঙ্খরের ই-মেল থেকে গেলেও স্বাক্ষর ছিল বাকি সব ক্লাব সিইও-দের। নতুন বিপণন সঙ্গী নেওয়ার বিষয়গুলি পয়েন্ট ধরে ধরে এই চিঠিতে নমনীয় ও শিথিলতা দেখানোর কথা লেখা হয়।

একইসঙ্গে ক্লাবজোটের প্রস্তাব ছিল, একইসঙ্গে ক্লাব সিইও-রা গত ৫ ডিসেম্বর কল্যাণ চৌধুরীকে একটি চিঠি দেন। যা একসি গোয়ার রবি পুঙ্খরের ই-মেল থেকে গেলেও স্বাক্ষর ছিল বাকি সব ক্লাব সিইও-দের। নতুন বিপণন সঙ্গী নেওয়ার বিষয়গুলি পয়েন্ট ধরে ধরে এই চিঠিতে নমনীয় ও শিথিলতা দেখানোর কথা লেখা হয়।

একইসঙ্গে ক্লাবজোটের প্রস্তাব ছিল, একইসঙ্গে ক্লাব সিইও-রা গত ৫ ডিসেম্বর কল্যাণ চৌধুরীকে একটি চিঠি দেন। যা একসি গোয়ার রবি পুঙ্খরের ই-মেল থেকে গেলেও স্বাক্ষর ছিল বাকি সব ক্লাব সিইও-দের। নতুন বিপণন সঙ্গী নেওয়ার বিষয়গুলি পয়েন্ট ধরে ধরে এই চিঠিতে নমনীয় ও শিথিলতা দেখানোর কথা লেখা হয়।

একইসঙ্গে ক্লাবজোটের প্রস্তাব ছিল, একইসঙ্গে ক্লাব সিইও-রা গত ৫ ডিসেম্বর কল্যাণ চৌধুরীকে একটি চিঠি দেন। যা একসি গোয়ার রবি পুঙ্খরের ই-মেল থেকে গেলেও স্বাক্ষর ছিল বাকি সব ক্লাব সিইও-দের। নতুন বিপণন সঙ্গী নেওয়ার বিষয়গুলি পয়েন্ট ধরে ধরে এই চিঠিতে নমনীয় ও শিথিলতা দেখানোর কথা লেখা হয়।

একইসঙ্গে ক্লাবজোটের প্রস্তাব ছিল, একইসঙ্গে ক্লাব সিইও-রা গত ৫ ডিসেম্বর কল্যাণ চৌধুরীকে একটি চিঠি দেন। যা একসি গোয়ার রবি পুঙ্খরের ই-মেল থেকে গেলেও স্বাক্ষর ছিল বাকি সব ক্লাব সিইও-দের। নতুন বিপণন সঙ্গী নেওয়ার বিষয়গুলি পয়েন্ট ধরে ধরে এই চিঠিতে নমনীয় ও শিথিলতা দেখানোর কথা লেখা হয়।

একইসঙ্গে ক্লাবজোটের প্রস্তাব ছিল, একইসঙ্গে ক্লাব সিইও-রা গত ৫ ডিসেম্বর কল্যাণ চৌধুরীকে একটি চিঠি দেন। যা একসি গোয়ার রবি পুঙ্খরের ই-মেল থেকে গেলেও স্বাক্ষর ছিল বাকি সব ক্লাব সিইও-দের। নতুন বিপণন সঙ্গী নেওয়ার বিষয়গুলি পয়েন্ট ধরে ধরে এই চিঠিতে নমনীয় ও শিথিলতা দেখানোর কথা লেখা হয়।

# সুযোগ না পেয়ে মারধর কোচকে

## পুদুচেরি, ১০ ডিসেম্বর : সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি২০-তে রাজ্য দলে

সুযোগ না পেয়ে কোচকে প্রহার। পুদুচেরি ক্রিকেটের এমনই এক ঘটনা আলোড়ন ফেলে দিয়েছে গোটা দেশে।

ঘটনাটি ঘটেছে গত সোমবার পুদুচেরি ক্রিকেট সংস্থার কন্সলোনে। জানা গিয়েছে, দলে সুযোগ না পেয়ে ক্ষোভে অনূর্ধ্ব-১৯ দলের কোচ এস ভেক্টরামনকে ব্যাট দিয়ে

বেধক মারধর করেন তিন ক্রিকেটার। শুরুতে অরুণ রাজ ও সন্তোষ কুমার টুকে গালিগালাজ শুরু করেন। এরপরই শুরু হয় প্রহার। পুলিশ সূত্রের খবর, তিন অভিযুক্ত ক্রিকেটারই পলাতক। তাদের খোজ চলছে। এদিকে, এই ঘটনায় ভেক্টরামনের তির পুদুচেরি ক্রিকেট সংস্থার সচিবের দিকে। অভিযোগ, এই ঘটনায় সংস্থার সচিবের প্রচ্ছন্ন মদত রয়েছে।

## আজ ইন্সটবেঙ্গলের

## সামনে করাচি সিটি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ ডিসেম্বর : প্রথম ম্যাচে বড় জয় পেয়ে চনমনে মেজাজে ইন্সটবেঙ্গলের মহিলা দল। বৃহস্পতিবার সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপের দ্বিতীয় ম্যাচে খেলতে নামছে লাল-হলুদের মেয়েরা। প্রতিপক্ষ পাকিস্তানের করাচি সিটি এফসি। সাম্প্রতিক সময়ে ভারত-পাক সম্পর্কের

টানাপোড়েনের প্রভাব দেখা গিয়েছে খেলার মাঠে। এই আবহে ইন্সটবেঙ্গল করাচি ম্যাচে অন্য মাত্রা যুক্ত হয়েছে। দ্বিতীয় ম্যাচে খেলতে নামার আগে সুইচি দেবীর চোটে নিয়ে ইন্সটবেঙ্গল কোচ অ্যাঙ্কন আন্ড্রুজের কপালে চিন্তার ভাজ পড়েছে। বৃহবার তার খেলা নিয়ে সংশয় রয়েছে। মঙ্গলবার অনুশীলনেও সাইড লাইনে ছিলেন সুইচি দেবী। তবে বাকি দল পুরো ফিট রয়েছে। গুরুত্বপূর্ণ ম্যাচে নামার আগে কোচ অ্যাঙ্কন বলেছেন, ‘যে কোনও প্রতিযোগিতায় ভারত-পাক প্রতিদ্বন্দ্বিতা উত্তেজনার সৃষ্টি করে। করাচি সিটির কাছে এটা মাস্ট উইন ম্যাচ। ওরা মরিয়া থাকবে। আমরাও প্রথম ম্যাচ জিতে দারুণ শুরু করছি। একটা দুর্দান্ত ম্যাচ হতে চলেছে।’ করাচি সিটির বিরুদ্ধে ইন্সটবেঙ্গলকে স্বস্তি জোগাচ্ছে ফার্মিলা ইকওয়াপ্ট ও রেসিট নানজিরির ফর্ম। এছাড়াও সৌম্যা গোল্ডথ, সুলজনা রাউলরা ম্যাচের রং বদলানোর জন্য তৈরি রয়েছে।

## কুলদাকান্ত শিল্ডে

## খেলবে লাল-হলুদ

কলকাতা, ১০ ডিসেম্বর : উত্তর দিনাজপুরের রায়গঞ্জে কুলদাকান্ত শিল্ডে ১৭ থেকে ২৩ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতায় নামবে লাল-হলুদের রিজার্ভ দল। এছাড়াও ডায়মন্ড হারবার এফসি ও ইউনাইটেড স্পোর্টস এই টুর্নামেন্টে অংশ নেবে।

## জয়ী সংঘর্ষী

জলপাইগুড়ি, ১০ ডিসেম্বর : জেলা ক্রীড়া সংস্থার প্রথম ডিভিশন ক্রিকেটে বৃহবার সংঘর্ষী ক্লাব ৬ উইকেটে জেএসসি-কে হারিয়েছে। প্রথমে জেএসসি ১১৬ রানে সব উইকেট হারায়। জবাবে সংঘর্ষী ১১৭ রান তুলে নেয়।

## আজ সেমিতে

## নামছে শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সিএবি-র আন্তঃ জেলা অনূর্ধ্ব-১৮ ছেলেরদের দুইদিনের ক্রিকেট নিজেদের প্রথম ম্যাচে বর্ধমানের বিরুদ্ধে ১৩৮ রানে জয়ন্য হার হজম করল শিলিগুড়ি। মঙ্গলবার প্রথমদিনের শেষে বর্ধমানের ২০৯ রানের জবাবে শিলিগুড়ি ৬৫/৯ স্কোরে ঝুঁকছিল। শিলিগুড়ির পরাজয় তখনই নিশ্চিত হয়ে যায়। বৃহবার যার অন্যথা হয়নি। শিলিগুড়ি এদিন ২৫ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়।

## ব্রোঞ্জ দয়িতা, শ্রেয়ার

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : রাচিত্রে আয়োজিত জাতীয় ব্যাংকিং টেবিল টেনিসে অনূর্ধ্ব-১১ মেয়েদের সিঙ্গেলসে ব্রোঞ্জ জিতল শিলিগুড়ির দয়িতা রায়। সে সেমিফাইনালে ০-৩ গেমে দেবান্মা আরির বিরুদ্ধে হেরেছে। শিলিগুড়ির

## ট্রফি হাতে দয়িতা রায়।

## আজ সেমিতে

## নামছে শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সিএবি-র আন্তঃ জেলা অনূর্ধ্ব-১৮ ছেলেরদের দুইদিনের ক্রিকেট নিজেদের প্রথম ম্যাচে বর্ধমানের বিরুদ্ধে ১৩৮ রানে জয়ন্য হার হজম করল শিলিগুড়ি। মঙ্গলবার প্রথমদিনের শেষে বর্ধমানের ২০৯ রানের জবাবে শিলিগুড়ি ৬৫/৯ স্কোরে ঝুঁকছিল। শিলিগুড়ির পরাজয় তখনই নিশ্চিত হয়ে যায়। বৃহবার যার অন্যথা হয়নি। শিলিগুড়ি এদিন ২৫ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়।

## ব্রোঞ্জ জয়ের পর শ্রেয়া ধর।

## আজ সেমিতে

## নামছে শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সিএবি-র আন্তঃ জেলা অনূর্ধ্ব-১৮ ছেলেরদের দুইদিনের ক্রিকেট নিজেদের প্রথম ম্যাচে বর্ধমানের বিরুদ্ধে ১৩৮ রানে জয়ন্য হার হজম করল শিলিগুড়ি। মঙ্গলবার প্রথমদিনের শেষে বর্ধমানের ২০৯ রানের জবাবে শিলিগুড়ি ৬৫/৯ স্কোরে ঝুঁকছিল। শিলিগুড়ির পরাজয় তখনই নিশ্চিত হয়ে যায়। বৃহবার যার অন্যথা হয়নি। শিলিগুড়ি এদিন ২৫ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়।

## ব্রোঞ্জ জয়ের পর শ্রেয়া ধর।

## আজ সেমিতে

## নামছে শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সিএবি-র আন্তঃ জেলা অনূর্ধ্ব-১৮ ছেলেরদের দুইদিনের ক্রিকেট নিজেদের প্রথম ম্যাচে বর্ধমানের বিরুদ্ধে ১৩৮ রানে জয়ন্য হার হজম করল শিলিগুড়ি। মঙ্গলবার প্রথমদিনের শেষে বর্ধমানের ২০৯ রানের জবাবে শিলিগুড়ি ৬৫/৯ স্কোরে ঝুঁকছিল। শিলিগুড়ির পরাজয় তখনই নিশ্চিত হয়ে যায়। বৃহবার যার অন্যথা হয়নি। শিলিগুড়ি এদিন ২৫ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়।

## ব্রোঞ্জ জয়ের পর শ্রেয়া ধর।

## আজ সেমিতে

## নামছে শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর : সিএবি-র আন্তঃ জেলা অনূর্ধ্ব-১৮ ছেলেরদের দুইদিনের ক্রিকেট নিজেদের প্রথম ম্যাচে বর্ধমানের বিরুদ্ধে ১৩৮ রানে জয়ন্য হার হজম করল শিলিগুড়ি। মঙ্গলবার প্রথমদিনের শেষে বর্ধমানের ২০৯ রানের জবাবে শিলিগুড়ি ৬৫/৯ স্কোরে ঝুঁকছিল। শিলিগুড়ির পরাজয় তখনই নিশ্চিত হয়ে যায়। বৃহবার যার অন্যথা হয়নি। শিলিগুড়ি এদিন ২৫ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়।

## ব্রোঞ্জ জয়ের পর শ্রেয়া ধর।

## আজ সেমিতে

## নামছে শিলিগুড়ি

## বার্ষিক সভায় পাশ না হলে কনসোর্টিয়ামও সম্ভব নয়

# ক্লাব সিইও-দের চিঠি

# ফেডারেশন সহ সচিবের

## ফেডারেশনের কনসোর্টিয়ামের পক্ষে

তখনই লিগ চালানো সম্ভব যখন এআইএফএফ কার্যনির্বাহী কমিটি ও এআইএফএফ বার্ষিক সাধারণ সভায় বিষয়টি পাশ না করিয়ে কাজ শুরু করা সম্ভব নয় সর্ববিধান অনুযায়ী। ২০ ডিসেম্বর বার্ষিক সাধারণ সভার পরেই একযোগে লিগ শুরু করা সম্ভব হবে। তাই দ্রুত ক্লাব প্রতিনিধিদের সঙ্গে একটি সভা করে এই বিষয়ে একমতের পৌঁছানোর পরই তা বার্ষিক সাধারণ

ফেডারেশনের কনসোর্টিয়ামের পক্ষে তখনই লিগ চালানো সম্ভব যখন এআইএফএফ কার্যনির্বাহী কমিটি ও এআইএফএফ বার্ষিক সাধারণ সভায় বিষয়টি পাশ না করিয়ে কাজ শুরু করা সম্ভব নয় সর্ববিধান অনুযায়ী। ২০ ডিসেম্বর বার্ষিক সাধারণ সভার পরেই একযোগে লিগ শুরু করা সম্ভব হবে। তাই দ্রুত ক্লাব প্রতিনিধিদের সঙ্গে একটি সভা করে এই বিষয়ে একমতের পৌঁছানোর পরই তা বার্ষিক সাধারণ

ফেডারেশনের কনসোর্টিয়ামের পক্ষে তখনই লিগ চালানো সম্ভব যখন এআইএফএফ কার্যনির্বাহী কমিটি ও এআইএফএফ বার্ষিক সাধারণ সভায় বিষয়টি পাশ না করিয়ে কাজ শুরু করা সম্ভব নয় সর্ববিধান অনুযায়ী। ২০ ডিসেম্বর বার্ষিক সাধারণ সভার পরেই একযোগে লিগ শুরু করা সম্ভব হবে। তাই দ্রুত ক্লাব প্রতিনিধিদের সঙ্গে একটি সভা করে এই বিষয়ে একমতের পৌঁছানোর পরই তা বার্ষিক সাধারণ

## আমি একমত যে দীর্ঘমেয়াদি সমাধান

## প্রয়োজন। একইসঙ্গে দ্রুত লিগ চালু থাকাটা

## জরুরি ফুটবলের ধারাবাহিকতা বজায় রাখার

## জন্য। এআইএফএফ এই বিষয়ে জরুরি

## পদক্ষেপ গ্রহণ করছে নতুন দরপত্রের জন্য। কিন্তু এই

## সমাধানসূত্র রাতারাতি সম্ভব নয়।

## এম সত্যনারায়ণন (এআইএফএফ-এর সহ মহাসচিব)

গ্রহণের কথা লেখেন সত্যনারায়ণন। তাঁর চিঠির বক্তব্য, ‘আমি একমত যে দীর্ঘমেয়াদি সমাধান প্রয়োজন। একইসঙ্গে দ্রুত লিগ চালু থাকাটা জরুরি ফুটবলের ধারাবাহিকতা বজায় রাখার জন্য। এআইএফএফ এই বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণ করছে নতুন দরপত্রের জন্য। কিন্তু এই দিলেন, এআইএফএফের বার্ষিক সাধারণ সভায় পাশ না করিয়ে এই কনসোর্টিয়াম করে লিগ শুরু করা

## সুযোগ না পেয়ে

## মারধর কোচকে

## পুদুচেরি, ১০ ডিসেম্বর : সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি২০-তে রাজ্য দলে

## সুযোগ না পেয়ে কোচকে প্রহার। পুদুচেরি ক্রিকেটের এমনই এক ঘটনা

## আলোড়ন ফেলে দিয়েছে গোটা দেশে।

ঘটনাটি ঘটেছে গত সোমবার পুদুচেরি ক্রিকেট সংস্থার কন্সলোনে। জানা গিয়েছে, দলে সুযোগ না পেয়ে ক্ষোভে অনূর্ধ্ব-১৯ দলের কোচ এস ভেক্টরামনকে ব্যাট দিয়ে

বেধক মারধর করেন তিন ক্রিকেটার। শুরুতে অরুণ রাজ ও সন্তোষ কুমার টুকে গালিগালাজ শুরু করেন। এরপরই শুরু হয় প্রহার। পুলিশ সূত্রের খবর, তিন অভিযুক্ত ক্রিকেটারই পলাতক। তাদের খোজ চলছে। এদিকে, এই ঘটনায় ভেক্টরামনের তির পুদুচেরি ক্রিকেট সংস্থার সচিবের দিকে। অভিযোগ, এই ঘটনায় সংস্থার সচিবের প্রচ্ছন্ন মদত রয়েছে।

## আজ ইন্সটবেঙ্গলের

## সামনে করাচি সিটি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ ডিসেম্বর : প্রথম ম্যাচে বড় জয় পেয়ে চনমনে মেজাজে ইন্সটবেঙ্গলের মহিলা দল। বৃহস্পতিবার সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপের দ্বিতীয় ম্যাচে খেলতে নামছে লাল-হলুদের মেয়েরা। প্রতিপক্ষ পাকিস্তানের করাচি সিটি এফসি। সাম্প্রতিক সময়ে ভারত-পাক সম্পর্কের

টানাপোড়েনের প্রভাব দেখা গিয়েছে খেলার মাঠে। এই আবহে ইন্সটবেঙ্গল করাচি ম্যাচে অন্য মাত্রা যুক্ত হয়েছে। দ্বিতীয় ম্যাচে খেলতে নামার আগে সুইচি দেবীর চোটে নিয়ে ইন্সটবেঙ্গল কোচ অ্যাঙ্কন আন্ড্রুজের কপালে চিন্তার ভাজ পড়েছে। বৃহবার তার খেলা নিয়ে সংশয় রয়েছে। মঙ্গলবার অনুশীলনেও সাইড লাইনে ছিলেন সুইচি দেবী। তবে বাকি দল পুরো ফিট রয়েছে। গুরুত্বপূর্ণ ম্যাচে নামার আগে কোচ অ্যাঙ্কন বলেছেন, ‘যে কোনও প্রতিযোগিতায় ভারত-পাক প্রতিদ্বন্দ্বিতা উত্তেজনার সৃষ্টি করে। করাচি সিটির কাছে এটা মাস্ট উইন ম্যাচ। ওরা মরিয়া থাকবে। আমরাও প্রথম ম্যাচ জিতে দারুণ শুরু করছি। একটা দুর্দান্ত ম্যাচ হতে চলেছে।’ করাচি সিটির বিরুদ্ধে ইন্সটবেঙ্গলকে স্বস্তি জোগাচ্ছে ফার্মিলা ইকওয়াপ্ট ও রেসিট নানজিরির ফর্ম। এছাড়াও সৌম্যা গোল্ডথ, সুলজনা রাউলরা ম্যাচের রং বদলানোর জন্য তৈরি রয়েছে।

## কুলদাকান্ত শিল্ডে

## খেলবে লাল-হলুদ

কলকাতা, ১০ ডিসেম্বর : উত্তর দিনাজপুরের রায়গঞ্জে কুলদাকান্ত শিল্ডে ১৭ থেকে ২৩ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতায় নামবে লাল-হলুদের রিজার্ভ দল। এছাড়াও ডায়মন্ড হারবার এফসি ও ইউনাইটেড স্পোর্টস এই টুর্নামেন্টে অংশ নেবে।

## জয়ী সংঘর্ষী

জলপাইগুড়ি, ১০ ডিসেম্বর : জেলা ক্রীড়া সংস্থার প্রথম ডিভিশন ক্রিকেটে বৃহবার সংঘর্ষী ক্লাব ৬